

আল কুরআন
অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি
.....
আর আমি তোমাদের নিকট এসেছি তোমাদের পালনকর্তার নিদর্শনসহ। কাজেই আল্লাহকে ভয় কর এবং আমার অনুসরণ কর।
সূরা আল ইমরান ৫০

দৈনিক

কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ৯ শোমবার ৯ ০৬ জুলাই ২০২৬ ৯ ২১ মহররম ১৪৪৮ ৯ ২১ আষাঢ় ১৪৩৩ ৯ ৯ম বর্ষ ৯ ৩৫ সংখ্যা ৯ ৪ পৃষ্ঠা ৯ ৫ টাকা

জনগণের বিশ্বাস ও ভালোবাসার ওপর নির্ভরতা বজায় রাখতে চাই
কীর্তনখোলা ডেস্ক
জনগণের বিশ্বাস ও ভালোবাসার ওপর নির্ভরতা বজায় রাখতে চান প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেছেন, ‘একটি ২ এর পাতায় দেখুন

হামে শিশুর মৃত্যু: ড. ইউনুসসহ ৪ জনের বিরুদ্ধে মামলার আবেদন
কীর্তনখোলা ডেস্ক
হামে আক্রান্ত হয়ে ৯ মাস বয়সী এক শিশুর মৃত্যুর ঘটনায় দায়িত্বে অবহেলার অভিযোগে তুলে সাবেক অন্তর্বর্তী সরকারের ২ এর পাতায় দেখুন

তথ্য মন্ত্রণালয়ের আইন সময়োপযোগী করা হবে: মন্ত্রী
কীর্তনখোলা ডেস্ক
প্রযুক্তির দ্রুত বিকাশ ও ডিজিটাল ইকোসিস্টেমের বিস্তারের ফলে সৃষ্ট নতুন বাস্তবতার সঙ্গে সামঞ্জস্য রেখে তথ্য ও সম্প্রচার ২ এর পাতায় দেখুন

যে আইনে জামায়াত নিষিদ্ধ করেছিল, সে আইনেই আলীগের বিরুদ্ধে তদন্ত চলছে
কীর্তনখোলা ডেস্ক
দল হিসেবে আওয়ামী লীগের বিচারের জন্য জুলাই অভ্যুত্থানে মানবতাবিরোধী অপরাধসহ বিভিন্ন অভিযোগের তদন্ত চলছে ২ এর পাতায় দেখুন

বরিশালে হাম ও হাম উপসর্গে মৃত্যু বেড়ে ৫১

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে হাম উপসর্গে চিকিৎসাধীন অবস্থায় আরও এক শিশুর মৃত্যু হয়েছে। এ নিয়ে বরিশাল বিভাগে হাম উপসর্গে মৃতের সংখ্যা বেড়ে ৫১ জনে দাঁড়িয়েছে। এর মধ্যে শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালেই মারা গেছেন ৩৯ জন। মৃত শিশু নূর মোহাম্মদ (৬ মাস) বরিশালের বাকেরগঞ্জের মানপাশার বাসিন্দা রবিউল্লের সন্তান। রোববার (৫ জুলাই) দুপুরে শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতাল পরিচালকের কার্যালয় এ তথ্য জানিয়েছে। শনিবার (৪ জুলাই) সকাল ৮টা থেকে রোববার (৫ জুলাই) সকাল ৮টা পর্যন্ত ২৪ ঘণ্টায় হাসপাতালটিতে নতুন করে ভর্তি হয়েছেন ৩১ জন। একই সময়ে হাসপাতাল ছেড়েছেন ৫১ জন। বর্তমানে ভর্তি রয়েছেন ১৩১ জন। এ বিষয়ে বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালের সহকারী পরিচালক (অর্থ ভাভার) ডা. আব্দুল মুন্সামে সাদ জানান, হাম উপসর্গে রোগী ভর্তি ও মৃত্যুর সংখ্যা কমেছে। নানা সংকটে হামের



চিকিৎসা দিতে কিছুটা হিমশিম খেলেও সবাই আন্তরিকভাবে কাজ করে যাচ্ছেন বলে জানান তিনি। কর্তৃপক্ষের মতে, রোববার পর্যন্ত বরিশালে হাম’র সন্দেহভাজন রোগীদের মধ্যে সরকারী হাসপাতালগুলোতে ১২ হাজার ১২৬টি শিশু চিকিৎসা গ্রহণ করেছে। তবে বরিশালে এ পর্যন্ত নিশ্চিত হাম রোগীর সংখ্যা ইতোমধ্যে অর্ধ সহস্র অতিক্রম করে ৫৩২ জনে উন্নীত হয়েছে। হাসপাতালে ভর্তি করা হয়েছে ১১ হাজার ৭৬৪টি শিশুকে। ভর্তিকৃত শিশুদের মধ্যে সূস্থ হয়ে যার ফিরেছে ১১ হাজার ১৪৬টি শিশু। অপরদিকে হাম সংক্রমণে মৃত ৫১টি শিশুর মধ্যে নিশ্চিত হাম রোগীর সংখ্যা ৫১। এদিকে হাম’র এ উষ্মের মাঝে রোববারও নতুন করে ৬৩ জন ডেডু রোগী বরিশালের সরকারী হাসপাতালগুলোতে ভর্তি হয়েছেন। ফলে গত কয়েকদিনে ডেডু নিয়ে বরিশালের সরকারী হাসপাতালে আগত রোগীর সংখ্যা প্রায় ২৩গুণে উন্নীত হল। ইতোমধ্যে মৃত্যুও হয়েছে ২ এর পাতায় দেখুন

সরকারি ব্যানার, ফেস্টুন ও বিলবোর্ডে প্রধানমন্ত্রীর ছবি ব্যবহার নিষিদ্ধ

কীর্তনখোলা ডেস্ক

সরকারি অনুষ্ঠান উপলক্ষে প্রস্তুত করা ব্যানার, ফেস্টুন ও বিলবোর্ডে প্রধানমন্ত্রীর ছবি ব্যবহার সম্পূর্ণরূপে নিষিদ্ধ করা হয়েছে। রোববার (৫ জুলাই) এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে পরিপত্র জারি করা হয়। এতে বলা হয়, সরকারি কোনো অনুষ্ঠান উপলক্ষে প্রস্তুত করা ব্যানার, ফেস্টুন ও বিলবোর্ডে প্রধানমন্ত্রীর ছবি (ফ্রিডি বা অন্য কোনো আঙ্গিকে) ব্যবহার সম্পূর্ণরূপে নিষিদ্ধ করা হলো। সরকারি অনুষ্ঠানের ব্যানার, ফেস্টুন ও বিলবোর্ড প্রস্তুতের ক্ষেত্রে অনুষ্ঠানের বিষয়বস্তুকে প্রাধান্য দিয়ে প্রয়োজনীয় ও সামঞ্জস্যপূর্ণ তথ্য উপস্থাপন করতে হবে। ব্যানার, ফেস্টুন ও বিলবোর্ডের নকশা এমনভাবে তৈরি করতে হবে, যাতে অনুষ্ঠানের উদ্দেশ্য, বার্তা ও বিষয়বস্তু সম্পৃষ্টভাবে প্রতিফলিত হয় বলেও জানানো হয় পরিপত্রে। বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ এবং অনতিবিলম্বে কার্যকর হবে বলেও জানিয়েছে মন্ত্রী পরিদপ বিভাগ।

১৬ জুলাই ‘শহীদ দিবস’ পালনের উদ্যোগ

কীর্তনখোলা ডেস্ক

সরকার ১৬ জুলাইকে ‘শহীদ দিবস’ হিসেবে পালনের উদ্যোগ নেওয়া হয়েছে। রোববার (০৫ জুলাই) এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানিয়েছেন মুক্তিযুদ্ধবিষয়ক প্রতিমন্ত্রী ইঞ্জিনিয়ার ইশরাক হোসেন। ইঞ্জিনিয়ার ইশরাক হোসেন বলেন, “আগামী ৫ আগস্ট ‘জুলাই গণ-অভ্যুত্থান দিবস ২০২৬’ পালন করা হবে। এ উপলক্ষে টান মৈত্রী সম্মেলন কেন্দ্রে একটি অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন প্রধানমন্ত্রী। অনুষ্ঠানে ২০২৪ সালের জুলাই-আগস্ট গণ-অভ্যুত্থানে শহীদ পরিবার ও আহত পরিবারগুলোকে আমন্ত্রণ জানানো হবে।” তিনি বলেন, ‘৫ আগস্ট ভোর ৬টায় শাহবাগে পূর্ণসত্ত্ববক অর্পণের মাধ্যমে কর্মসূচি শুরু হবে। অনুষ্ঠানে আন্দোলনের সময় নিরাহ ছাত্র-জনতার গুপহাচার ও ২ এর পাতায় দেখুন



চডুবাড়ীয়া ইউনিয়নের মুকুন্দপাড়া এলাকায় রাস্তার কাজের উদ্বোধন শেষে দেয়া-মোনাজাতে উপস্থিত অ্যাড. মজিবুর রহমান সরোয়ার এমপি

-কীর্তনখোলা

বরিশালের পুলিশ কমিশনার ও ডিআইজিসহ পুলিশে বড় রদবদল

কীর্তনখোলা রিপোর্ট

ঢাকা, রাজশাহী ও খুলনা রেঞ্জে নতুন ডিআইজি নিয়োগ দিয়েছে সরকার। একই সঙ্গে বরিশাল মেট্রোপলিটন পুলিশের (বিএমপি) নতুন পুলিশ কমিশনারও নিয়োগ দেওয়া হয়েছে। রোববার (৫ জুলাই) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পুলিশ-১ শাখার উপসচিব তৌফিক আহমেদ স্বাক্ষরিত এক প্রজ্ঞাপনে এ রদবদলের তথ্য জানানো হয়। প্রজ্ঞাপন অনুযায়ী, পুলিশের বিশেষ শাখার (এসবি)

সাইদকে রাজশাহী রেঞ্জের ডিআইজি এবং পুলিশ সদরদপ্তরের ডিআইজি আবু রায়হান মুহাম্মদ নিয়োগ দিয়েছে সরকার। একই সঙ্গে বরিশাল মেট্রোপলিটন পুলিশের নতুন কমিশনার হিসেবে দায়িত্ব দেওয়া হয়েছে। এ ছাড়া বরিশাল রেঞ্জের ডিআইজি মো. মোস্তাফিজুর রহমানকে খুলনা রেঞ্জের ডিআইজি, খুলনা রেঞ্জের ডিআইজি মো. রেজাউল হককে শিল্লাঞ্চল পুলিশের ডিআইজি এবং রাজশাহী রেঞ্জের ডিআইজি মোহাম্মদ শাহজাহানকে আর্মড পুলিশ ব্যাটালিয়ন ডিআইজি মো. ইকবাল হোসেনকে ঢাকা রেঞ্জের ডিআইজি হিসেবে পদায়ন করা হয়েছে। বরিশাল মেট্রোপলিটন পুলিশের কমিশনার মো. আশিক



বরিশালের নতুন ও সদ্য বদলীকৃত পুলিশ কমিশনার

(এপিবিএন)-এ পদায়ন করা হয়েছে। প্রজ্ঞাপনে আরও বলা হয়েছে, জনস্বার্থে জারি করা এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।



স্পর্শকাতর স্থানে চেপে ধরে চেক ও স্ট্যাম্পে সই নেয়া লিটু ফ্রেফতার

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালে অস্বাধী হাউজিংয়ের এমডিকে স্পর্শকাতর স্থানে চেপে ধরে চেক এবং স্ট্যাম্পে সই নেওয়ার ঘটনায় অভিযুক্ত মোস্তাফিজুর রহমান লিটুসহ দুজনকে ফ্রেফতার করেছে পুলিশ। রোববার (৫ জুলাই) দুপুরে বরিশাল মেট্রোপলিটন পুলিশ দুজনকে ফ্রেফতার করে। ফ্রেফতার অনাজনন হলেন- আবুল কালাম। এর আগে দুপুরের দিকে মামলা করেছেন ভুক্তভোগী বরিশালের বাকলা ডেভেলপারস গ্রাইডেট লিমিটেড কোম্পানির চেয়ারম্যান ২ এর পাতায় দেখুন

বিচারের রায়েই মুছবে জুলাইয়ের রক্তের দাগ: শ্রম প্রতিমন্ত্রী নূর

পটুয়াখালী প্রতিনিধি

শ্রম ও বৈদেশিক কর্মসংস্থান প্রতিমন্ত্রী ভিপি মুরুল হক নূর বলেছেন, ২০২৪ সালের প্রক্রিয়া চলমান রয়েছে বলেও জুলাইয়ে সংঘটিত হত্যাকাণ্ডের বিচার সম্পন্নোর মাধ্যমেই দেশের

ইতিহাসে রক্তাক্ত সেই অধ্যায়ের অবসান ঘটবে। এ ঘটনায় অভিযুক্তদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়া হবে। রোববার (৫ জুলাই) দুপুরে পটুয়াখালী জেলা

প্রশাসকের সম্মেলন কক্ষে বিভিন্ন সরকারি দপ্তরের প্রধানদের সঙ্গে সাংবাদিকদের সভা শেষে তিনি এসব কথা বলেন। প্রতিমন্ত্রী ২ এর পাতায় দেখুন

দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
প্রতিনিধি আবশ্যিক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **বালকাঠি জেলা:** নলছিটি, রাজাপুর, পটুয়াখালী জেলা: পটুয়াখালী, বাউফল, আমতলী, **ভোলা জেলা:** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, পিরোজপুর জেলা: নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলা:** উজিরপুর ও বারুগঞ্জ প্রতিনিধি আবশ্যিক। গ্রাহ্যিকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। অগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

-মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

প্রোপেলার ডেঙে সাগরে ভাসছিল ট্রলার, তিন দিন পর ১৭ জেলে উদ্ধার

বরগুনা প্রতিনিধি

বঙ্গোপসাগরে মাছ শিকার করতে গিয়ে বরগুনার পাথরঘাটা উপজেলার এফবী জাহান নামে একটি ট্রলারের প্রোপেলার (পাখা) ডেঙে বিকল হয়ে যাওয়ার ঘটনা ঘটেছে। পরে এ ঘটনার তিন দিন পর সাগরে ভাসতে থাকা ওই ট্রলারের ১৭ জন জেসেকে উদ্ধার করেছে কোস্টগার্ড। শনিবার (৪ জুলাই) রাত ১০টার দিকে বরগুনা মৎস্যজীবী ট্রলার মালিক সমিতির সভাপতি গোলাম মোস্তফা চৌধুরী বিষয়টি নিশ্চিত করেন। উদ্ধার হওয়া ওই ১৭ জেলে পাথরঘাটা উপজেলার বিভিন্ন এলাকার বাসিন্দা বলেও জানান তিনি। খোঁজ নিয়ে জানা যায়, গত পাঁচ দিন আগে পাথরঘাটার মৎস্য অবতরণকেন্দ্র বিএফডিসি ঘাট থেকে এফবী জাহান নামে ওই ট্রলারটিতে ১৭ জন জেলে গভীর সমুদ্রে মাছ শিকার করতে যান। ২ এর পাতায় দেখুন

নলছিটিতে বাস উল্টে খাদে পড়ে সুপারভাইজার নিহত, আহত ১০

নলছিটি প্রতিনিধি

বালকাঠিতে যাত্রীবাহী একটি বাস নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার পাশে খাদে উল্টে পড়েছে। এ দুর্ঘটনায় বাসের সুপারভাইজার নিহত হয়েছেন। আহত হয়েছেন অন্তত ১০ জন যাত্রী। দুর্ঘটনার পর মহাসড়কে কিছু সময়ের জন্য যান চলাচল বন্ধ হয়ে গেলে তীব্র ভোগান্তিতে পড়েন যাত্রীরা। রোববার (৫ জুলাই) দুপুরে জেলার নলছিটি উপজেলার রায়পুর এলাকায় এই সড়ক দুর্ঘটনা ঘটে। নিহত বাস্তির নাম আল মামুন মনির (৩০)। তিনি দুর্ঘটনা কবলিত ‘নাহিদ সুপার’ বাসের সুপারভাইজার ছিলেন। স্থানীয়রা জানান, পিরোজপুরের মঠবাড়িয়া থেকে যাত্রী নিয়ে বরিশালের উদ্দেশ্যে ছেড়ে আসে ‘নাহিদ সুপার’ নামের যাত্রীবাহী বাসটি। পথে বাসটি রায়পুর এলাকায় পৌছালে সামনে থাকা একটি



বলেন, খবর পেয়ে পুলিশ ও ফায়ার সার্ভিসের কর্মীরা দ্রুত ঘটনাস্থলে পৌঁছে স্থানীয়দের সহায়তায় উদ্ধার কাজ শুরু করে। দুর্ঘটনা কবলিত বাসটি উদ্ধার করে সড়কের যান চলাচল স্বাভাবিক করার চেষ্টা চলছে। দ্রুতই পরিস্থিতি পুরোপুরি স্বাভাবিক হয়ে যাবে।



খামেনি, ইরান ও ফিলিস্তিনের পক্ষে জেডিপির ‘আজাদি পতাকা মিছিল’

কীর্তনখোলা রিপোর্ট

রাজধানীর শাহবাগে জাতীয় জাদুঘরের সামনে খামেনি, ইরান ও ফিলিস্তিনের পক্ষে ‘আজাদি পতাকা মিছিল’ করেছে জাসিস আ্যড ডেমোক্রেসি পার্টি (জেডিপি)। দলটির পক্ষ থেকে জানানো হয়, শহীদ ইমাম খামেনির দাফন কার্যক্রম শুরু উপলক্ষে তার প্রতি শ্রদ্ধা জানানো, ইরানের বিজয় উদযাপন এবং ফিলিস্তিনের জনগণের স্বাধীনতা ও ন্যায়্য অধিকারের দাবিতে এ কর্মসূচির আয়োজন করা হয়। মিছিল শুরুর আগে অনুষ্ঠিত সংক্ষিপ্ত সমাবেশে বক্তারা বলেন, আন্তর্জাতিক আইন, রাষ্ট্রের সার্বভৌমত্ব এবং জনগণের আত্মনিয়ন্ত্রণের অধিকারকে সমান করা বিশ্বে শান্তি প্রতিষ্ঠার পূর্বশর্ত। তারা সামরিক আগ্রাসন, দখলদারত্ব ও নিরীহ মানুষের প্রাণহানির নিন্দা জানিয়ে এসবের অবসানের আহ্বান জানান। বক্তারা বলেন, বাংলাদেশের মুক্তিযুদ্ধের ইতিহাস নিপীড়নের বিরুদ্ধে সংগ্রামের ইতিহাস। সেই চেতনা থেকেই বিশ্বের নিপীড়িত জনগণের প্রতি সংহতি প্রকাশ বাংলাদেশের মানুষের নৈতিক ২ এর পাতায় দেখুন

শত শত শিকড়ের শিফক, সজিন বাগেরে প্রমুখত বাংলা জাদুঘরিত ও ব্যাকরণবিশ বরিশাল সরকারি ব্রাহ্মণমন্ডল কলেজ, বাংলা বিজ্ঞানের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ডের সাবেক সচীবা মির্জাক

অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা

উচ্চ মাধ্যমিক ও সমমান প্রেপির

বাংলা ব্যাকরণ ও নির্মিতি

বইটি অনন্য

বইটি প্রসঙ্গভিত্তিক ভিত্তিতে সজিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক, সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিষয়ের প্রধান পদীক্ষক, সরকারি আইনগোড়া কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সৃজনশীল গ্রন্থ প্রণেতা

পথিক মোস্তফা (এমফিল, ইবি)


বই পাণ্ডুর জন্য যোগাযোগ করুন:

01718246162, 01712189338, 01712926836

গদ্য প্রকাশন, বরিশাল

বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

বুক ভিন্দা সদর রোড, বরিশাল 01932-314219	ইসলামিয়া লাইব্রেরি বাংলাবাজার, সদর রোড, বরিশাল 01711-264963	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868515	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868514
খন্দকার লাইব্রেরি সদর রোড, বরিশাল 01711-047767	নিউ মাহবুব লাইব্রেরি সদর রোড, বরিশাল 01763-107720	রহমান বুক হাউজ শাহাবাবাজার, সদর রোড, বরিশাল 01718-670945	মজুমদার লাইব্রেরি হাট নদী ও কলকাতা রাস্তা, বরিশাল 01716-139268
অমৃত লাইব্রেরি হাট নদী ও কলকাতা রাস্তা, বরিশাল 01719-408049	নিউ কলকাতা লাইব্রেরি বি.এম কলকাতা রাস্তা, বরিশাল 01726-074663	হক লাইব্রেরি বি.এম কলকাতা রাস্তা, বরিশাল 01724-851658	আশরাফিয়া লাইব্রেরি বি.এম কলকাতা রাস্তা, বরিশাল 01717-488083



দেশে কীটনাশকের ব্যবহার দ্রুত বাড়ছে। কীটনাশকের প্রভাবে দূষণ বাড়ছে। উপকারী কীটপতঙ্গ, অণুজীব, মাছসহ জলজ প্রাণী কমছে। দীর্ঘ মেয়াদে তার ক্ষতিকর প্রভাব পড়ছে ফসল উৎপাদনে। আবার ফলমূল ও শাক-সবজিতে অতিরিক্ত কীটনাশক ব্যবহার এবং কীটনাশকের প্রভাব কটায় আগেই বাজারজাত করার তা জনস্বাস্থ্যের জন্য ক্ষতিকর হচ্ছে। দেশে ক্যাসার, কিউনি ও লিভারের রোগ দ্রুত বাড়ছে। এর সঙ্গে কীটনাশকের ক্ষতিকর প্রভাবে যোগসূত্র থাকার আশঙ্কা করা হচ্ছে। ফলে কীটনাশকের অনিয়ন্ত্রিত ও ক্ষতিকর ব্যবহার রোগে পর্যাপ্ত উদ্যোগ নেওয়া জরুরি হয়ে উঠেছে। ফলমূল বা শাক-সবজিতে কীটনাশক ব্যবহারের পর তা খাদ্য হিসেবে গ্রহণের জন্য নির্দিষ্ট সময় পর্যন্ত অপেক্ষা করতে হয়। একেক ধরনের কীটনাশকের ক্ষেত্রে এই সময় একেক রকম। সে জন্য ফল বা সবজি তোলার বা বাজারজাত করার আগে দেশে কীটনাশক ব্যবহার করা যায় না। কিন্তু আমাদের কৃষকদের সেই জ্ঞান সীমিত। এমনও দেখা যায়, সকালে কীটনাশকে ছিটানোর পর বিকেলে সবজি বাজারজাত করা হয়। আবার গণমাধ্যমে এমন খবরও এসেছে যে বেগুন বাজারজাত করার আগে ভ্রামে রাখা কীটনাশক মেশানো পানিতে চুবিয়ে নেওয়া হয়, যাতে পোকামাকড়ের কারণে বেগুন নষ্ট না হয়। কীটনাশকের এ ধরনের অপব্যবহার রোগ কণা অত্যন্ত জরুরি। প্রকাশিত প্রতিবেদনে দেখা যায়, দেশে কীটনাশকের ব্যবহার ক্রমাগতভাবে বাড়ছে। জানা যায়, ১৯৭২ সালে দেশে কীটনাশকের ব্যবহার ছিল মাত্র চার হাজার মেট্রিক টন। ৭৭২ দশকের বাসনেই সেই পরিমাণ প্রায় ১০ ও গুণ বেড়ে ৪০ হাজার টন ছড়িয়েছে। ধান, শাক-সবজি, ফলসহ বিভিন্ন কৃষিপণ্য উৎপাদনে বর্তমানে ব্যাপকভাবে কীটনাশক ব্যবহার করা হচ্ছে। উৎপোষক বিষয় হলো, গত পাঁচ বছরেই দেশে কীটনাশকের ব্যবহার বেড়েছে প্রায় ৮১.৫ শতাংশ। মাঠ পর্যায়ে দেখা যাচ্ছে, অনেক কৃষক সুপারিশ করা মাত্রা ও সময়সীমা না মেনে অতিরিক্ত কীটনাশক ব্যবহার করছেন। এতে ফসলে কীটনাশকের ঝুঁকিপূর্ণতা থেকে যাচ্ছে, যা দীর্ঘ মেয়াদে ক্যান্সার, কিউনি ও লিভারের জটিলতাসহ নানা অসংক্রমক রোগের ঝুঁকি বাড়ানোছে। অতিরিক্ত কীটনাশক ব্যবহারের ফলে উপকারী পোকামাকড় ও মাটির অণুজীব ধ্বংস হচ্ছে। দূষ্টির পানির সঙ্গে এসব রাসায়নিক জলাশয়ে গিয়ে মাছ ও অন্যান্য জলজ প্রাণীর জন্যও হুমকি তৈরি করছে। বাংলাদেশে কৃষি গবেষণা ইনস্টিটিউটের প্রধান বেকানিক কর্মকর্তা ড. হাফিম দেলোয়ার হোসেন বলেন, গবেষণায় দেখা গেছে, বাজারে আসা সবজি সপ্তাহের সময় ২০ থেকে ৩০ শতাংশে কীটনাশকের অবশিষ্টাংশ পাওয়া গেছে। শেখোবালা কৃষি বিশ্ববিদ্যালয়ের গবেষণায় দেখা গেছে, রাজধানীর নারগোয়ান বাজার, মোহাম্মদপুর, মিরপুর, তালতলা ও যাত্রাবাড়ী বাজার থেকে সংগ্রহ করা বেগুন ও ফুলকপি নমুনা উচ্চ মাত্রায় ক্ষতিকর অর্গানোফসফরাস কীটনাশকের উপস্থিতি রয়েছে। ২১টি নমুনার ২০টিতেই কীটনাশকের মাত্রা ইউরোপীয় ইউনিয়ন নির্ধারিত সর্বোচ্চ অবশিষ্টাংশ সীমা অতিক্রম করেছে। এমন পরিস্থিতিতে কীটনাশকের ব্যবস্থানো সন্তোষের বড় ধরনের উদ্যোগ নিয়েছে কৃষি বিভাগ। কঠোর করা হচ্ছে নতুন বালাইনাশকের নিবন্ধন, অনুমোদন ও আমদানি নীতিমালা। একই সঙ্গে আন্তর্জাতিকভাবে নিষিদ্ধ বা ঝুঁকিপূর্ণ রাসায়নিকের ক্যাচামালা আমদানিতে কড়াকড়ি, লাব পরীক্ষার যত্নতা নিশ্চিত করা এবং পরিবেশবান্ধব ঠৈর বালাইনাশক ও সমন্বিত বালাই ব্যবস্থানো (আইপিএম) সম্প্রসারণের পদিকল্পনা নেওয়া হয়েছে। জন্মস্বাস্থ্যর সঙ্গে সম্পর্কিত কোনো বিষয়ে আপস করার কোনো সুযোগ নেই। মাঠ পর্যায়ে কীটনাশকের ব্যবহার কার্যকরভাবে মনিটরি করা প্রয়োজন। একই সঙ্গে ডিলারদের জবাবদিহি বৃদ্ধি, কৃষকদের প্রশিক্ষণ ও ডোজানের সচেতনতা বাড়ানোর উদ্যোগ নিতে হবে।

যে আইনে জামায়াত নিষিদ্ধ

বলে জানিয়েছেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর মো. আমিনুল ইসলাম। তিনি বলেন, তদন্তে সত্যতা মিললে বিচারে আওয়ামী লীগ নিষিদ্ধের পাশাপাশি দলটির সব সম্পত্তি বাজেয়াপ্ত করার সুযোগ রয়েছে ট্রাইব্যুনাল আইনে। চিফ প্রসিকিউটর আরও বলেন, সন্ত্রাসবিরোধী আইনের অধীনেই আওয়ামী লীগ সরকার একসময় জামায়াতকে নিষিদ্ধ করেছিল। এখন থেকই আইনি কাঠামোয় আওতায় আওয়ামী লীগের বিরুদ্ধে উদ্ভাপিত অভিযোগের তদন্ত চলছে। রোববার (৫ জুলাই) নিজ কাৰ্যালয়ে সাংবাদিকদের ব্রিফিংয়ে এসব কথা বলেন তিনি। আমিনুল ইসলাম বলেন, সংগঠন হিসেবে আওয়ামী লীগের বিচার হবে কি হবে না, সে বিষয়ে আমাদের তদন্ত চলছে। তদন্তের পর সংগঠন হিসেবে আওয়ামী লীগের বিরুদ্ধে যদি প্রাথমিক অভিযোগ পাওয়া যায়, রিপোর্ট যদি দাখিল করা হয়; চিফ প্রসিকিউটর হিসেবে আমার পক্ষ থেকে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার সুযোগ আছে। এ বিষয়ে তদন্ত চলছে। তিনি বলেন, তদন্তে যদি মানবতাবিরোধী অপরাধসহ উত্থাপিত অভিযোগের সত্যতা পাওয়া যায়, তাহলে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল আইনের আওতায় আওয়ামী লীগের বিরুদ্ধে বিচার পরিচালনা করা সম্ভব হবে। অভিযোগ সুনির্দিষ্টভাবে প্রমাণ হলে আদালতের আইনি প্রক্রিয়ার মাধ্যমে দলটিকে নিষিদ্ধ ঘোষণা করা হতে পারে। একই সঙ্গে আইনে দলটির সম্পত্তি বাজেয়াপ্তেরও সুযোগ রয়েছে। চিফ প্রসিকিউটর বলেন, আওয়ামী লীগের বিরুদ্ধে বিচার আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল আইন এবং সন্ত্রাসবিরোধী আইনও উভয় আইনের আওতাইই করা সম্ভব। এই দুই আইন সংশোধনের মাধ্যমে সংগঠন বা রাজনৈতিক দলের বিচার করার যে আইনি কাঠামো তৈরি হয়েছে, তা আওয়ামী লীগ সরকারের সময়েই প্রণীত হয়েছিল। ব্রিফিংয়ে মো. আমিনুল ইসলাম ২০১৩ সালের ৫ মে রাজধানীর মতিঝিলের শাপলা চত্বরে হেফাজতে ইসলামের সমাবেশে সংঘটিত হত্যাকাণ্ড এবং জুলাই গণঅভ্যুত্থানের সময় আওয়ামী লীগের নেতাকর্মীদের বিরুদ্ধে আনা হত্যাসহ বিভিন্ন অপরাধের অভিযোগের কথা তুলে ধরেন। তিনি আওয়ামী লীগের সভাপতি ও ক্ষমতাত্যা্ত প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে দেশে ফিরে আদালতে বিচারের মুখোমুখি হওয়ার আহ্বান জানান। তিনি বলেন, শাপলা চত্বরের হত্যাকাণ্ডসহ কয়েকটি নির্দেশ মামলায় শেখ হাসিনাকে বিচারের আওতায় আনার উদ্যোগ নেওয়া হবে। এর আগে, শনিবার রাজধানীর চীন-মৈত্ৰী সন্মেলন কেন্দ্রে জুলাই গণঅভ্যুত্থানে শহীদদের স্মরণে আয়োজিত জুলাই জাতীয় সম্মেলনে স্বরষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেন, আওয়ামী লীগের রাজনৈতিক পতন, নিপাত ও নির্মূল হয়েছে এবং দলটি আর কোনোদিন বাংলাদেশে রাজনীতি করতে পারবে না। তিনি আরও বলেন, আওয়ামী লীগের বিরুদ্ধে রাজনৈতিক দল হিসেবে বিচারের দাবি উঠেছে, তদন্ত চলছে এবং শিপগির আইন অনুযায়ী তাদের বিচারের মুখোমুখি করা হবে। স্বরষ্ট্রমন্ত্রীর ওই বক্তব্যের পরদিন চিফ প্রসিকিউটর সাংবাদিকদের সামনে তদন্তের অগ্রগতি এবং বিদ্যমান আইনি কাঠামোর বিষয়ে বিস্তারিত ব্যাখ্যা দেন।

তথ্য মন্ত্রণালয়ের আইন

মন্ত্রণালয়ের বিদ্যমান আইন, বিধি ও নীতিমালা সমন্বয়যোগী করা এবং প্রয়োজন নতুন আইন প্রণয়নের উদ্যোগ নিয়েছে সরকার। এ লক্ষ্যে বিভিন্ন আন্তর্জাতিক আইন পর্যালোচনা ও বাস্তবতার নিরিখে সুসংগোযোগী সুপারিশ প্রণয়নের নির্দেশ দিয়েছেন তথ্য ও সম্প্রচারমন্ত্রী জহির উদ্দিন স্বপন। রোববার (৫ জুলাই) তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সভাকক্ষে আইন সমন্বয়যোগীকরণ এবং নতুন আইন প্রণয়ন-সংক্রান্ত সভায় সভাপতির বক্তব্যে তিনি এসব কথা বলেন। তথ্যমন্ত্রী বলেন, বর্তমান সময়ে মানুষের জীবনযাপন, চিন্তাভাবনা, যোগাযোগ ও সামাজিক আচরণের সঙ্গে ডিজিটাল প্রযুক্তি ওতপ্রোতভাবে জড়িয়ে গেছে। প্রযুক্তি যেমন মানুষের জন্য আশীর্বাদ গুরু হয়েছে, তেমনই এর সঙ্গে নতুন ধরনের ঝুঁকি ও চ্যালেঞ্জও তৈরি হয়েছে। এসব চ্যালেঞ্জ চিহ্নিত করে সেগুলোকে একটি কার্যকর আইনি কাঠামোয় আওতায় আনা এখন সময়ের দাবি। তিনি বলেন, মন্ত্রণালয়ের আওতাধীন বিদ্যমান সব আইন, বিধি, প্রবিধান ও নিয়মাবলি পর্যালোচনার কাজ এই মध्ये গুরু হয়েছে। কোন আইন আধুনিকায়ন প্রয়োজন, কোথায় নতুন আইন প্রয়োজন এবং কোন ক্ষেত্রে আইনি ঘাটতি রয়েছে এসব বিষয় গভীরভাবে পর্যালোচনা করে সুপারিশ প্রণয়ন করে সংশ্লিষ্টরা। জহির উদ্দিন স্বপন বলেন, একসময় তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের কার্যপরিধি মূলত প্রিন্ট মিডিয়া ও সম্প্রচারমাধ্যমে সীমাবদ্ধ ছিল। কিন্তু ডিজিটাল প্র্যাক্টিসর্ম ও ডিজিটাল

ইকোসিস্টেমের বিকাশের ফলে অসংখ্য নতুন মাধ্যম তৈরি হচ্ছে, যেগুলোর অনেকগুলোই প্রচলিত আইনের আওতার বাইরে রয়েছে। তাই পরিবর্তিত বাস্তবতার সঙ্গে সামঞ্জস্য রেখে আইনি কাঠামোও আধুনিকায়ন করতে হবে। মন্ত্রী বলেন, ইউরোপীয় ইউনিয়ন, যুক্তরাজ্য, অস্ট্রেলিয়া ও যুক্তরষ্ট্র ডিজিটাল প্র্যাক্টিসর্ম নিয়ন্ত্রণ এবং প্রযুক্তিনির্ভর নতুন চ্যালেঞ্জ মোকাবিলায় বিভিন্ন নতুন আইন প্রণয়ন করেছে। এসব দেশের আইন ও অভিজ্ঞতা গভীরভাবে অধ্যয়ন ও পর্যালোচনার দায়িত্বও কমিটিকে দেওয়া হয়েছে, যেন বাংলাদেশের বাস্তবতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ একটি কার্যকর আইনি কাঠামো গড়ে তোলা যায়।

হামে শিশুর মৃত্যু:

প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনুসসই চারজনের বিরুদ্ধে মামলার আবেদন করা হয়েছে। এ বিষয়ে আদেশের জন্য আগামী ১২ জুলাই দিন দার্য করবেন আদালত। রোববার (৫ জুলাই) ঢাকার অতিরিক্ত চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট জশিতা ইসলামের আদালত শুনানি শেষে এ দিন নির্ধারণ করেন। বিষয়টি নিশ্চিত করেন আদালতের বৈষ্ণব সহকারী আন্ততোষ ভৌমিক। মামলার আবেদনে আসামি হিসেবে সাক্ষের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনুস ও সাক্ষে স্বাক্ষ্য উপদেষ্টা নূরুজাহান বেগম ছাড়াও স্বাক্ষ্য অধিদপ্তরের সাক্ষে মহাপরিচালক অধ্যাপক ডা. আবু জাফর এবং সাক্ষে প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলমের নাম উল্লেখ করা হয়েছে। এর আগেও একই ধরনের অভিযোগে এই চারজনের বিরুদ্ধে ঢাকার বিভিন্ন আদালতে করা একাধিক মামলার আবেদন খারিজ হয়েছিল। আদালত সূত্র জানায়, হামে আক্রান্ত হলো যারা যাওয়া শিশু সাউদা মুসকানের বাবা সিরাজুল ইসলাম মরারবীরকে আদালতে মামলার আবেদন করেন। আদালত বাদীর জবানবন্দী গ্রহণের পর আদেশ বিচারকণ করেন এবং পরে আগামী ১২ জুলাই আদেশ ঘোষণার তারিখ নির্ধারণ করেন। মামলার আবেদনে বলা হয়, শরীয়তপুর সদর উপজেলার বাসিন্দা সিরাজুল ইসলামের ৯ মাস বয়সী মেয়ে সাউদা মুসকান চলতি বছরের ফেব্রুয়ারির শেষ দিকে জ্বরে আক্রান্ত হয়। পরে মার্কের প্রথম সপ্তাহে হাম শনাক্ত হলে তাকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। সেখানে প্রয়োজনীয় চিকিৎসাসেবা না পাওয়ার অভিযোগ তুলে ২২ মার্চ তাকে মহাখালীর সরকারি ব্যাধি হাসপাতালে নেওয়া হয়। বাদীর অভিযোগ, ওই হাসপাতালেও চিকিৎসক ও নার্সদের অবহেলা এবং প্রয়োজনীয় চিকিৎসাসেবা না পাওয়ার কারণে ২৬ মার্চ শিশুটির মৃত্যু হয়। আবেদনে আরও অভিযোগ করা হয়েছে, শিশুদের জন্য সময়মতো হামের টিকা সরবরাহে ব্যর্থতা, টিকা সপ্তাহ ও বিতরণে অব্যবস্থাপনা এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অবহেলার কারণে দেশে ছয় শতাধিক শিশুর মৃত্যু হয়েছে। সেই মৃত্যুর ঘটনাগুলোর মধ্যে সাউদা মুসকানের মৃত্যুও রয়েছে বলে দাবি করা হয়েছে।

জনগণের বিশ্বাস ও ভোলোবাসার

গণতান্ত্রিক সরকারের প্রধান হিসেবে আমি জনগণের বিশ্বাস এবং ভোলোবাসার ওপর আমার আস্থা ও নির্ভরতা বজায় রাখতে চাই। সুতরাং নিরাপত্তা কৌশল ব্যতীে সরকারপ্রদানেরে জনগণ থেকে দূরে ঠেলে না দেয়, সেদিকে বিশেষভাবে লক্ষ্য রাখার জন্য আমি আপনাদের প্রতি বিশেষভাবে আহ্বান জানাই।’ রোববার (৫ জুলাই) ঢাকার সেবানিচলে প্রেসিডেন্ট গার্ড রেজিমেন্টের (পিজিআর) ৫১তম প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। প্রধানমন্ত্রী বলেন, রাজধানী ঢাকা ও ঢাকার বাইরে দেশের প্রত্যন্ত অঞ্চলে জমিয়াস্ট্রী অনাঠীনের গুরুত্ব কর্মসূচিতে অংশ নিতে হয়। এবাব অনুষ্ঠানে ব্যাপক জনসমাগমের মধ্যে নিরাপত্তা নিশ্চিত করা কিছুটা জটিল। তাই একদিকে সরকারপ্রধানের নিরাপত্তা বজায় রাখা অন্যদিকে ন্যায়িক জীবনের স্বাচ্ছন্দ্য নিশ্চিত রাখার মধ্যে ভারসাম্য রেখেই নিরাপত্তা কৌশল প্রণয়ন করতে হবে। প্রধানমন্ত্রী অনাঠীনের গুরুতে পিজিআরের প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে বাহিনীর সাবেক ও বর্তমান সব কর্মকর্তা ও সদস্যকে অভিনন্দন জানান। তিনি বলেন, ‘নিশ্চিহ্ন নিরাপত্তাই গার্ডপের লক্ষ্য’ এই মন্ত্রে উজ্জীবিত হয়ে পিজিআরের সদস্যরা আন্তরিকতা, পেশাগত দক্ষতা, কর্তব্যনিষ্ঠা, সাহস ও দেশপ্রেমের শপথে ববীমান হয়ে দায়িত্ব পালন করে আসছেন। বক্তব্যে প্রধানমন্ত্রী তার জীবনের ‘সবচেয়ে শোকাবহ ও হৃদয়বিদারক’ ঘটনা হিসেবে তার বাবা বাংলাদেশের স্বাধীনতার ঘোষক প্রেসিডেন্ট জিয়াউর রহমানের শাহাদতের কথা স্মরণ করেন। তিনি বলেন, ১৯৮১ সালের ৩০ মে চট্টগ্রাম সার্কিট হাউজে প্রেসিডেন্ট জিয়াউর রহমান শাহাদতবরণ করার সময় কর্তব্যরত পিজিআরের কয়েকজন সদস্যও শহীদ হন। তাদের গভীর শ্রদ্ধার সঙ্গে স্মরণ করে আল্লাহর দরবারে মাগফিরাত কামনা করেন তিনি। তিনি বলেন, দায়িত্ব পালনকালে তাদের নির্মম মৃত্যু রাষ্ট্র ও সরকারপ্রধানের নিরাপত্তায় অটল আনুতায়, কর্তব্যপরায়ণতা এবং জীবন উৎসর্গের যে চূড়ান্ত দৃষ্টান্ত স্থাপন করেছে, তা পিজিআরের সদস্যদের জন্য অনুকরণীয় হয়ে থাকবে। পিজিআরের ইতিহাস তুলে ধরে প্রধানমন্ত্রী বলেন, রাষ্ট্রপতি ও রাষ্ট্রের গুরুত্বপূর্ণ ব্যক্তিদের নিরাপত্তায় জন্য ১৯৭৫ সালের ৫ জুলাই ‘রাষ্ট্রপতির দেহরক্ষী ইউনিট’ নামে একটি নতুন রেজিমেন্টে আত্মপ্রকাশ করা হয়। পরে ওই বছরের ১৯ সেপ্টেম্বর তৎকালীন সেনাবাহিনী প্রধান মেজর জেনারেল জিয়াউর রহমান ইউনিটটির নাম ‘প্রেসিডেন্ট গার্ড রেজিমেন্ট’ রাখেন। তার ভাষ্য, এই নতুন নামকরণ রেজিমেন্টের কার্যক্রম আরও আত্মপ্রতায়ী ও গতিশীল করেছে। তিনি বলেন, পিজিআর প্রতিষ্ঠার ইতিহাসে মেজর জেনারেল জিয়াউর রহমান একটি অবিস্মরণীয় ও অনুপ্রেরণামূলক নাম।

বিচারের রায়েই মুছেবে জুলাইয়ের

বলেন, বিগত সরকারের আমলে সংঘটিত জুলাইয়ের হত্যাকাণ্ড ছিল একটি বর্বরোচিত ঘটনা। বিশেষে বিভিন্ন দেশে রাষ্ট্রবিরোধী ও ধ্বংসাত্মক কর্মকাণ্ডে জড়িত রাজনৈতিক দলগুলো আইনগতভাবে নিষিদ্ধ হয়েছে। বাংলাদেশেও দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্বকে ঝুঁকির মুখে ফেলার অভিযোগে সংশ্লিষ্ট রাজনৈতিক দলের কার্যক্রম আইনগতভাবে নিষিদ্ধ করা হয়েছে বলে মন্তব্য করেন তিনি। বিদেশে অবস্থানরত কিছু ব্যক্তির উসকানিতে দেশে অস্থিতিশীলতা তৈরির চেষ্টা কোনোভাবেই গ্রহণযোগ্য নয় উল্লেখ করে নুর বলেন, যারা বিদেশে অবস্থান করছেন, তারা চাইলে সেখানকার প্রচলিত রাজনৈতিক ব্যবস্থার সঙ্গে সম্পৃক্ত হতে পারেন অথবা নতুন রাজনৈতিক দল গঠন করে গণতান্ত্রিক প্রক্রিয়ায় অংশ নিতে পারেন। কিন্তু দেশকে অস্থিতিশীল করার অপচেষ্টা গ্রহণযোগ্য নয়। সভায় প্রতিমন্ত্রীর সহধর্মিণী মোসা. মারিয়া আক্তার, বিভিন্ন পর্যায়ের রাজনৈতিক নেতৃবৃন্দ, প্রশাসনের উর্ধ্বতন কর্মকর্তা এবং বিভিন্ন সরকারি দপ্তরের প্রধানরা উপস্থিত ছিলেন। মতবিনিময় সভায় প্রতিমন্ত্রী বিভিন্ন সরকারি দপ্তরের চলমান কার্যক্রমের খোঁজখবর নেন এবং জলসেবার মানোন্নয়নে প্রয়োজনীয় দিকনির্দেশনা দেন।

মায়ানমারে পাচারের সময়

মনপুরার উত্তর সাকুড়িয়া ইউনিয়নের লতাখালী ঘাট থেকে মালামালসহ জুয়েলকে আটক করা হয়। এ সময় ট্রলার মালিক ইব্রীস ও রিয়াজ আহমেশখল্লা রক্ষা বাহিনীর উপস্থিতি টেনে পালেয়ে যান। পুলিশ সূত্রে জানা গেছে, শনিবার দিবাভাগে পড়ে উপজেলার উত্তর সাকুড়িয়া ইউনিয়নের লতাখালী ঘাটে সমুদ্রপাণী ট্রলারে করে সার ও সিমেন্ট মায়ানমারে পারার করার প্রস্তুতি নেয় একটি পাচারকারী চক্র। এ সংবাদ পেয়ে মনপুরা থানা পুলিশ ও কোস্ট গার্ডের সদস্যরা অভিযান চালিয়ে ট্রলারবোবাই সিমেন্ট ও সারসহ মো. জুয়েল নামে এক পাচারকারীকে আটক করেন। এ সময় জন্ম ট্রলার থেকে ৪৫০ বস্তা সিমেন্ট, ৪০০ লিটার ডিভ্রেল,

৪ বস্তা সার ও চাউল উদ্ধার করা হয়। পরে আটক পাচারকারীসহ ও পলাতকদের বিরুদ্ধে মামলা দিয়ে আদালতে পাঠায় পুলিশ। মনপুরা থানার ওসি মো. মাজহারুল ইসলাম কালের কণ্ঠকে জানান, পুলিশ ও কোস্টগার্ডের যৌথ অভিযানে মায়ানমারে পাচারের সময় সমুদ্রগামী মাছ ধরার ট্রলার বোবাই সিমেন্ট ও সারসহ এক পাচারকারীকে আটক করা হয়ে। এ ঘটনায় তিন জনের নাম উল্লেখসহ অজ্ঞাত আরো ৮-১০ জনের নামে থানায় মামলা হয়েছে। পলাতক আসামিদের শ্রেষ্ঠাের পুলিশি অভিযান চলছে।

স্পর্শকাতর স্থানে চেপে ধরে ঢেক

ও অগ্রণী হাউজিং কোম্পানির এমডি আব্দুল আজিজ। অন্যদিকে অভিযুক্ত মোস্তাফিজুর রহমান লিটু বিএনপি, যুবদল বা অঙ্গসংগঠনের সঙ্গে জড়িত না বলে দাবি করেছেন যুবদল বরিশাল জেলা, মহানগর ও কেন্দ্রীয় নেতারা। রোববার দুপুর ১টায় বরিশাল প্রেসক্লাবে আয়োজিত এক জরুরি সংবাদ সম্মেলনে এ দাবি করেন তারা। লিখিত বক্তব্যে মহানগর যুবদলের সাধারণ সম্পাদক মাসুদ হাসান মামুন বলেন, সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়া ভিডিওতে অভিযুক্ত ব্যক্তিকে কেউ কেউ যুবদল নেতা হিসেবে উল্লেখ করেছেন। এটা অত্যন্ত দুঃখজনক। কেননা লিটু নামের ওই ব্যক্তি যুবদলের কোনো কমিটিতেই নেই। এমনকি সে যুবদল, বিএনপি এমনকি অঙ্গসংগঠনের কর্মীও না এবং আগেও ছিল না। দলের মিছিল-মিটিংয়ে অংশ নেওয়ার ছবিও পাওয়া যাবে না। সংবাদ সম্মেলনে যুবদলের কেন্দ্রীয় কমিটির সহসভাপতি ও বরিশাল জেলার সাধারণ সম্পাদক এইচএম তালিম উদ্দিন বলেন, যতদূর জেনেছি ঘটনাটি কয়েকদিন আগের। এখন সেই ঘটনার ভিত্তিও ছড়িয়ে অভিযুক্তকে যুবদল নেতা আখ্যা দিয়ে বিনপনির নামে বদনাম করার চেষ্টা করছে কোনো একটি চক্র। আমরা দাবি করছে, সাংবাদিকরা সত্য ঘটনা প্রচার করবে এবং আইনশৃঙ্খলা বাহিনী অভিযুক্তদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করবে। ভাইরাল হওয়া সিনিটিভি ফুটেজ দেখা গেছে, চারজন ব্যক্তি তার অফিস কক্ষে ঢোকে ভেতরে থাকা ব্যক্তিদের বের করে দেন। এসময় বৃদ্ধ বয়সী আব্দুল আজিজকে চেয়ারের ওপর থেকে মাটিতে ফেলে মারধর করে ঢেক এবং স্ট্যাম্পে ছবি করিয়ে নেয়। পরে তারা কাগজগুলো নিয়ে তার সঙ্গে ছবি তোলেন। বরিশাল নগরীর কাটপাট্রি রোড এলাকার বাসিন্দা অভিযুক্ত মোস্তাফিজুর রহমান লিটু বলেন, ভিডিওতে যা দেখা যাচ্ছে সব ঠিক আছে। অনেকটা বাধ্য হয়েই কাজটি করতে হয়েছে। আব্দুল আজিজ হাওয়াদার আমাদের সঙ্গে হাউজিং ব্যবসায় প্রতারণা করেছে। তিনি আরও বলেন, আমি অগ্রণী হাউজিংয়ের একজন পরিচালক। আমার হিসাব অনুযায়ী এমডির কাছে ৫৪ লাখ টাকা পাব। কিন্তু তিনি দাবি করেছেন, ৩৬ লাখ টাকা পাব। এ নিয়ে অনেকদিন ধরেই ঝামেলা চলছে। বিগত আমলে পুলিশ দিয়ে হয়রানি করিয়েছেন। লিটু বলেন, হাউজিংয়ের আরেকজন পরিচালক মিজান এক কোটি ৭০ লাখ টাকা নিয়ে পালিয়েছে। এর পেছনেও এমডির হাত রয়েছে। এমডির আপন ভাইয়েরও তার বিরুদ্ধে ২০১৬ সালে প্রতারণার অভিযোগে মামলা করেছে। টাকা লেনদেনের বিষয়ে কোনো মামলা বা থানায় অভিযোগ করেছেন কিনা এমন প্রশ্নের জবাবে অভিযুক্ত বলেন, আমার ছোট ভাই মামলা করেছে। আমরা স্বাভাবিকভাবে বিষয়টি সমাধান করতে চেয়েছিলাম। ঘটনার বিষয়টি ভুক্তভোগী মো. আব্দুল আজিজ বলেন, গত ২৭ জুন সন্ধ্যা সাড়ে ৭টার দিকে বাঙ্গলা ডেভেলপারস প্রাইভেট লিমিটেড কোম্পানির সাক্ষে হোথার মো. মোস্তাফিজুর রহমান লিটুসহ বেশ কয়েকজন তার কার্যালয়ে এসে স্পর্শকাতর স্থানে চেপে ধরে। এসময় তার কাছ থেকে ৭০ লাখ চাঁদা দাবি করে। এছাড়াও তার কাছ থেকে জোর করে লিখিত ৬টি স্ট্যাম্পে ও ঢেকে স্বাক্ষর নেন। তিনি আরও বলেন, ঘটনার সঙ্গে জড়িত মো. মোস্তাফিজুর রহমান, আবুল কালাম ও আব্দুল মালেকের নামে বরিশালের অতিরিক্ত চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতে মামলা করেছি। বরিশাল মেট্রোপলিটন পুলিশ কমিশনার আশিক সাঈদ বলেন, ঘটনাটি সামাজিক যোগাযোগমাধ্যমে ভাইরাল হওয়ার পর আমাদের নজরে আসে। এরপরই অভিযান চালিয়ে লিটু নামের ব্যক্তিকে গ্রেফতার করতে সক্ষম হয়েছি। এ বিষয়ে সংবাদ সম্মেলন করবেন বরিশাল মেট্রোপলিটন পুলিশ কমিশনার।

খামেনি, ইরান ও ফিলিস্তিনের পক্ষে

দায়িত্ব। তারা ফিলিস্তিনের জনগণের ন্যায় অধিকার প্রতিষ্ঠা এবং আন্তর্জাতিক অঙ্গনে শান্তিপূর্ণ ও ন্যায়ভিত্তিক সমাধানের আহ্বান জানান। সমাবেশে বক্তারা বাংলাদেশের প্রতি দিল্লির মন্ত্রী নীতির সমাধানের করে বলেন, বাংলাদেশ-ভারত সম্পর্ক পারস্পরিক সম্মান ও ন্যায্যতার ভিত্তিতে গড়ে উঠতে হবে। পাশাপাশি যুক্তরাষ্ট্র, চীনসহ অন্যান্য দেশের সঙ্গেও বাংলাদেশের সম্পর্ক হতে হবে পারস্পরিক সম্মান ও সমতার ভিত্তিতে। বিশেষ করে যুক্তরাষ্ট্রের সঙ্গে বাংলাদেশের বণিজ্য চুক্তি পুনর্মূল্যায়নের দাবি জানান তারা। পরে বাংলাদেশ, ইরান ও ফিলিস্তিনের পতাকা হাতে একটি মিছিল জাতীয় জাদুঘরের সামনে থেকে শুরু হয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাজু ভান্ডার্বৈ গিয়ে শেষ হয়। জেডিপির এই কর্মসূচিতে সহৃদিত জাপন করেন জাতীয় বিপ্লবী পরিষদের আহায্যক খোমেনি ইহসান, বাংলাদেশ ন্যাপের মহাপরিষে গোলাম মোস্তফা খুইয়্য, জাগপার যুগ্ম সাধারণ সম্পাদক লায়ন উমার রাজী, জনজোটেস আহায্যক মোজাম্মেল মিয়াজী, গ্রিন পার্টির সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক ইউসুফ আশ্বার, জনতার দলের যুগ্ম সদস্যসচিব শ্বানম ফুয়াদ, জাতীয় বিপ্লবী পরিষদের সদস্যসচিব ডা. নাবিল আহমাদ প্রমুখ।

১৬ জুলাই ‘শহীদ দিবস’

হত্যাকাণ্ড নিয়ে একটি ধার্মাগাথিত প্রদর্শন করা হবে। পাশাপাশি শহীদ ও আহত পরিবারের কয়েকজন সদস্য বক্তব্য দেবেন।' মৃত্যুযুদ্ধবিষয়ক প্রতিমন্ত্রী বলেন, “২০২৪ সালের ১৬ জুলাই সংঘটিত দুটি আলোচিত হত্যাকাণ্ডের পর আদোলনের প্রভাব দেশব্যাপী ছড়িয়ে পড়ার পাশাপাশি আন্তর্জাতিক পর্যায়েও আলোচিত হয় এবং আদোলন আরো ত্বরান্বিত হয়।” তিনি আরও বলেন, ‘আলোচিত শহীদ আবু সাঈদের ঘটনার কথা আপনারা জানেন, যিনি রংপুরের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ছিলেন। তার এ আত্মত্যাগকে স্মরণীয় করে রাখার জন্য সেখানে একটি স্মৃতিস্তম্ভের ভিত্তিপ্রস্তর স্থাপন করা হবে। এ ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে মৃত্যুযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়ের মন্ত্রী আহমেদ আজম খান উপস্থিত থাকবেন।’

প্রোপেলার ভেঙে সাগরে

পরবর্তীতে তিনদিন আগে সাগরের মধ্যে হঠাৎ ট্রলারটির প্রোপেলার (পাখা) ভেঙে বিকল হয়ে যায়। এরপর যোগাযোগ বিচ্ছিন্ন অবস্থায় ট্রলারটি সাগরে ভাসতে থাকে। একপর্যায়ে ভাসতে ভাসতে ট্রলারটি মোাবাই নেটওয়ার্ডের মধ্যে চলে এলে জাহাজটি জেলেরা বিষয়টি ট্রলার মালিককে জানান। পরে বরডমা মৎস্যজীবী ট্রলার মালিক সমিতির সভাপতিকে জানিয়ে কোস্টগার্ড পশ্চিম জোনকে বিষয়টি জানানো সাগরে ভাসতে থাকা জেলেনদেরকে উদ্ধার করেন কোস্টগার্ড সদস্যরা। এ বিষয়ে বরডনার মৎস্যজীবী ট্রলার মালিক সমিতির সভাপতি গোলাম মোস্তফা চৌধুরী বলেন, ট্রলার বিকল হয়ে ১৭ জেলে সাগরে ভাসতে থাকার বিষয়টি কোস্টগার্ড পশ্চিম জোনকে জানানো হয়। পরে শনিবার বিকেল ৪টার দিকে ডিলারে থাকা জেলেনদের উদ্ধার করেন তারা। এ ঘটনায় উদ্ধার হওয়া সব জেলেই সুস্থ ও স্বাভাবিক আছেন।

বরিশালে হাম ও হাম

১ জনের। রোববার পর্যন্ত সুস্থ হয়ে হাসপাতাল ছেড়েছেন ২,১০২ জন। রোববার দুপুর পর্যন্ত হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন ১৩৯ ডেপ্তর রোগী। যার মধ্যে বরিশাল শেরে বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে ২৪ জন ও জেনারেল হাসপাতালে আরো ১০ জন চিকিৎসাধীন রয়েছেন বলে বিভাগীয় স্বাস্থ্য দপ্তর জানিয়েছে।

নিষিদ্ধ ছাত্রলীগের নেতার

ধরে মাদক সেবনসহ বিভিন্ন অপকর্মের সঙ্গে জড়িত। এ ঘটনায় অভিভাবকদের মধ্যেও উদ্বেগ দেখা দিয়েছে। তাদের আশঙ্কা, এ ধরনের কর্মকাণ্ড এলাকার তরুণ ও যুবসমাজের ওপর নেতিবাচক প্রভাব ফেলতে পারে। তারা দ্রুত অভিযুক্তের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়ার দাবি জানিয়েছেন। এ বিষয়ে বাউফল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. সিরাজুল ইসলামের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি বলেন, ফেসবুকের মাধ্যমে বিষয়টি প্রশাসনের নজরে এসেছে। ভিডিওটির সত্যতা ও সময় যাচাই করে অভিযুক্তের বিরুদ্ধে দ্রুত আইনগত ব্যবস্থা নেওয়া হবে। মাদকের ব্যাপারে কোনো ছাড় দেওয়া হবে না।

পটুয়াখালীর রিপন হত্যা: ঘটনার ৪৮

ঘট্টার মধ্যেই দুই আসামি গ্রেফতার

পটুয়াখালী প্রতিনিধি
পটুয়াখালী সদর উপজেলার আলোচিত রিপন কাজী হত্যা মামলার দুই অভিযুক্তকে ঘটনার ৪৮ ঘট্টার মধ্যেই যৌথ অভিযানে গ্রেফতার করেছে র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)। চট্টগ্রাম মহানগরের পতেঙ্গা এলাকা থেকে তাদের আটক করা হয়। হত্যাকাণ্ডের পর আত্মহ্বাপনে গিয়ে অবস্থান পরিবর্তনের মাধ্যমে আইনশৃঙ্খলা বাহিনীকে ফাঁকি দেওয়ার চেষ্টা করলেও শেষ পর্যন্ত র‍্যাবের গোয়েন্দা তৎপরতার কাছে তারা ধরা পড়েন। র‍্যাব জানায়, গোপন সংবাদের ভিত্তিতে র‍্যাব-৮-এর পটুয়াখালী ক্যাম্প এবং র‍্যাব-৭-এর চট্টগ্রাম সদর কোম্পানির একটি যৌথ দল শনিবার রাতে চট্টগ্রাম মহানগরের পতেঙ্গা থানার ৪১ নম্বর ওয়ার্ড এলাকায় অভিযান চালিয়ে মো. রাসেল কাজী (৩২) ও মো. সোহাগ কাজী (৪২) নামে দুই অভিযুক্তকে গ্রেফতার করে। তারা বরগনার আমতলী উপজেলার বাসিন্দা। মামলার এজহার সূত্রে জানা যায়, নিতর রিপন কাজী কৃষিকাজের সঙ্গে জড়িত ছিলেন। পারিবারিক জিমজিমা নিয়ে দীর্ঘদিন ধরে আত্মীয়স্বজনের মধ্যে বিরোধ চলছিল। অভিযোগ রয়েছে, রিপন কাজী পারিবারিক সম্পত্তি বিক্রিতে বাধা দেওয়ার অভিযুক্তদের সঙ্গে তার বিরোধ উঁচু আকার ধারণ করে। গত ৩০ জুন পূর্বপরিকল্পিতভাবে ওও গ্রেপ্তে থাকা অভিযুক্তরা দেশীয় অস্ত্র দিয়ে রিপন কাজীর ওপর হামলা চালায়। গুরুতর আহত অবস্থায় স্থানীয়রা তাকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন। এ ঘটনায় নিহতের মা ২ জুলাই পটুয়াখালী সদর থানায় একটি হত্যা মামলা দায়ের করেন। এরপর থেকেই র‍্যাব-৮ ছায়া উদ্ভঙ্গ শুরু করে এবং বিভিন্ন স্থানে গোয়েন্দা নজরদারি হেঁসারপর করে। বদন্তের একপর্যায়ে অভিযুক্তদের অবস্থান শনাক্ত করে যৌথ অভিযানে তাদের গ্রেফতার করা হয়। র‍্যাব জানিয়েছে, গ্রেফতারকৃত দুই আসামিকে পরবর্তী আইনগত কার্যক্রমে জামানত চালিয়ে মো. রাসেল কাজীকে পটুয়াখালী মহানগর পতেঙ্গা থানায় হস্তান্তর করা হয়েছে। আইনশৃঙ্খলা বাহিনীর কর্মকর্তারা জানান, দেশের যেকোনো প্রান্তে পালিয়ে গেলেও গুরুতর অপরাধে ভুক্তি ব্যক্তিদের গ্রাসিয়ে আওতায় আনতে র‍্যাবের অভিযান ও গোয়েন্দা কার্যক্রম অব্যাহত থাকবে। রিপন হত্যা মামলার অন্যান্য দিকও গুরুত্বের সঙ্গে তদন্ত করা হচ্ছে।

৮ কেজি ওজনের পোয়া মাছ অর্ধ লাখে বিক্রি

কুয়াকাটা প্রতিনিধি
পটুয়াখালীর কুয়াকাটা সলগ্ন বঙ্গোপসাগরে জেলের জালে ধরা পড়ছে প্রায় ৮ কেজি ওজনের একটি কানো পোয়া মাছ। স্থানীয়ভাবে ‘লম্ব পোয়া’ বা ‘কালো পোয়া’ নামেও পরিচিত। রোববার (৫ জুলাই) সকালে আলীপুর মৎস্য বন্দরের নিলামে ৫০ হাজার টাকায় বিক্রি হয়েছে মাছটি। জনা গেছে, শনিবার (৪ জুলাই) রাতে কুয়াকাটা উপকূলসলগ্ন বঙ্গোপসাগরে মাছ ধরতে যান রহিম মাঝি। অন্য মাছের সঙ্গে তার জালে উঠে আসে মূল্যবান কানো পোয়া মাছটি। রোববার সকালে মাছটি আলীপুর মৎস্য বন্দরে আনা হলে নিলামে কুয়াকাটা ফ্রেশ ফিশের স্বত্বাধিকারী পিএম মুসা প্রতি মণ আড়াই লাখ টাকা দরে কেজিপ্রতি ৬ হাজার ২৫০ টাকায় মোট ৫০ হাজার টাকায় মাছটি কিনে নেন। জেলে রহিম মাঝি বলেন, ৫৮ দিনের নিষেধাজ্ঞা শেষে সাগরে গিয়ে দামি মাছটি পেয়েছি। এতে আমি খুবই আনন্দিত। স্বত্বাধিকারী পিএম মুসা বলেন, বিভিন্ন ধরনের সামুদ্রিক মাছ কিনে ঢাকা ছাড়াও দেশের বাইরে রপ্তানি করি। কানো পোয়ার সুইম ব্লাডার (মাছের বালিশ) অত্যন্ত মূল্যবান হওয়ায় এ মাছের বাজারদরও অনেক বেশি। কলপাড়া জাতীয় সিনিয়র মৎস্য কর্মকর্তা অণু সাহা বলেন, স্থানীয়ভাবে এ মাছটি কানো পোয়া বা লম্ব পোয়া নামে পরিচিত। এর ওজন সাধারণত ৪ থেকে ৪০ কেজি পর্যন্ত হতে পারে। মূল্যবান হওয়ায় অনেকেই একে ‘সাগরের কানো সোনা’ বলে থাকেন। ৫৮ দিনের নিষেধাজ্ঞা শেষে জেলেনের জালে এমন মূল্যবান মাছ ধরা পড়া নিঃসন্দেহে সুখবর।

বৈরী আবহাওয়ায় ভোলার ১০

রুটে লঞ্চ চলাচল বন্ধ

ভোলা প্রতিনিধি
বঙ্গোপসাগরে সৃষ্ট নিম্নচাপের প্রভাবে নদী উত্তাল থাকায় যেকোনো ধরনের দুর্ঘটনা এড়াতে ভোলার ১০টি অভ্যন্তরীণ নৌরুটে ছোট-বড় যাত্রীবাহী লঞ্চ চলাচল বন্ধ ঘোষণা করেছে বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ)। রোববার (৫ জুলাই) সন্ধ্যা সোয়া ৬টার দিকে বিষয়টি নিশ্চিত করেছেন ভোলা নদী বন্দরের ট্রাফিক ইন্সপেক্টর মো. জাহাঙ্গীর আলম। লঞ্চ চলাচল বন্ধ থাকা ভোলার ১০টি নৌরুটের মধ্যে রয়েছে- ইলিশা-ঢাকা, খেয়াঘাট-ঢাকা, ইলিশা-লক্ষ্মীপুর, দৌলতখান-আলেকজান্ডার, ঘোমেরহাট-ঢাকা, বোরহানউদ্দিন-ঢাকা, চরফাশান-ঢাকা, হাতিয়া-ঢাকা, চরফাশান-হাতিয়া, মনপুরা-ঢাকা এবং তজুমদ্দিন-মনপুরাসহ অন্যান্য নৌরুট। তবে স্বাভাবিক রয়েছে ভেদুরিয়া-বরিশাল রুটে লঞ্চ চলাচল। মো. জাহাঙ্গীর আলম বলেন, বঙ্গোপসাগরে নিম্নচাপের প্রভাবে নদী উত্তাল রয়েছে। যাত্রী ও নৌযানের নিরাপত্তা নিশ্চিতে রোববার বিকেল ৪টা থেকে ভোলার ১০টি অভ্যন্তরীণ নৌরুটে যাত্রীবাহী লঞ্চ চলাচল বন্ধ ঘোষণা করা হয়েছে। পরবর্তী নির্দেশনা না পাওয়া পর্যন্ত এসব রুটে যাত্রীবাহী লঞ্চ চলাচল বন্ধ থাকবে। ভোলার প্রথম শ্রেনির আবহাওয়া পর্যবেক্ষণাগারের আবহাওয়া পর্যবেক্ষক মো. মনিরুজ্জামান বলেন,

কবীর্ভনাথানা ৩

সংরক্ষিত বনে অবৈধ প্রবেশ

মোহাম্মদ নেকিয়ার হোসেন অনাধিকার প্রবেশ করেন। তাদের বিরুদ্ধে সংরক্ষিত বনের গাছ কেটে ফেলে সেখানে বেধে নির্মাণ এবং মাটি কেটে রাস্তা তৈরির অভিযোগ রয়েছে। এ ঘটনায় গত ২৬ এপ্রিল ছকিনা বিট অফিসার মাহিদুল ইসলাম জুয়েল বাদী হয়ে বন আইনে পাচজনকে আসামি করে একটি মামলা দায়ের করেন। পরে এ মামলায় আদালতে আসামীরা হাজিরা দিতে গেলে আদালত তাদের কারাগারে পাঠানোর নির্দেশ দেন। মামলার বাদী ও ছকিনা বিট অফিসার মাহিদুল ইসলাম জুয়েল বলেন,আসামিরা সংরক্ষিত বনে অবৈধভাবে প্রবেশ করে গাছ কেটে বেধে তৈরি এবং মাটি কেটে রাস্তা নির্মাণ করেছেন। এ অভিযোগে দায়ের করা মামলায় তারা আদালতে হাজিরা দিতে গেলে আদালত তাদের জেলহাজতে পাঠানোর নির্দেশ দেন।

মাদকের বিরুদ্ধে জিরো

বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-এর কেন্দ্রীয় ভাইস চেয়ারম্যান আলহাজ্ব আড়াডোকেট জয়নুল আবেদীন। রবিবার (৫ জুলাই) বিকেল ৪টায় বাবুগঞ্জ উপজেলার রহমতপুর ইউনিয়নের রাজগুরু নতুন চর এলাকায় আয়োজিত বৃক্ষরোপণ কর্মসূচিতে বাবুগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা আসমা উল হুসনার সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে তিনি এসব কথা বলেন। সারাদেশে আগামী পাঁচ বছরে ২৫ কোটি বৃক্ষরোপণ কর্মসূচির অংশ হিসেবে রাজগুরু নতুন চর এলাকার প্রায় দুই কিলোমিটার গ্রামীণ সড়কের দুই পাশে বিভিন্ন প্রজাতির ফলজ ও বনজ গাছের চারা রোপণের মাধ্যমে কর্মসূচির উদ্বোধন করেন তিনি। বৈরী আবহাওয়া উপেক্ষা করে ঢাকা থেকে সড়কপথে বাবুগঞ্জে এসে কর্মসূচিতে অংশ নেন তিনি। এ সময় পরিবেশ ও জলবায়ু বিষয়েও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। এর মাধ্যমে ভবিষ্যৎ প্রজন্মের জন্য একটি সুন্দর ও নির্মল পরিবেশ নিশ্চিত করা সম্ভব হবে। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাবুগঞ্জ উপজেলা বিএনপির আহ্বায়ক সুলতান আহমেদ খান ও সদস্য সচিব ওয়াহিদুল ইসলাম খ্রিশ। এছাড়াও উপস্থিত ছিলেন বাবুগঞ্জ উপজেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক আব্দুল করিম হাওলাদার, মোস্তাফিজুর রহমান ফারুক, কাজী নজরুল ইসলাম মিরন, শামসুল আলম ফকির, আরিফুর রহমান শিমুল শিকদার, যুবদলের আহ্বায়ক রাফিকুল হাসান খান রাফিব, রহমতপুর ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক মো. রাজন শিকদার,যুবদলের সিনিয়র যুগ্ম আহ্বায়ক রাফিল, মহানগর ছাত্রদলের সাবেক সহ-সভাপতি মো. আজিজুল হক, উপজেলা ছাত্রদলের আহ্বায়ক আতিক আল আমিন, সিনিয়র যুগ্ম আহ্বায়ক ইরানন, ইউনিয়ন ছাত্রদলের সভাপতি ফেরদাউস খাননহব বিএনপি ও এর অঙ্গ ও সহযোগী সংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা।

ঢাকায় আগুোপনে থাকা প্রধান

বিষয়টি নিশ্চিত করেছেন বরিশাল র‍্যাব-৮ এর মিডিয়া অফিসার অতিরিক্ত পুলিশ সুপার মো. কামরুজ্জামান (পিএমএ-সেবা)। গ্রেফতারকৃত বজ্রবুর রশিদ বয়াতী মেহেদিগঞ্জ উপজেলার সাদেকপুর এলাকার বাসিন্দা আব্দুর রাজ্জাক বয়াতীর দিলে। র‍্যাব ও মামলার এজহারের সূত্রে জানা যায়, মেহেদিগঞ্জ উপজেলার ৫ নং সদর ইউনিয়নের সাদেকপুর গ্রামের দুলাল রাউীর ছেলে নিজেত মাহবুব আলম বাবু রাউীর সাথে আসামিদের দীর্ঘদিন ধরে জমিজমা নিয়ে বিরোধ চলছিল। গত ১৮ জুন পশ্চিম সাদেকপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সামনে মাহবুবের ভোগদানীয় জমিতে দোকানঘর তুলতে গেলে বজ্রবুর রশিদহব অন্য আসামীরা তাকে বাধা দেয়। এইধারাবাহিকতায়, গত ২৩ জুন সন্ধ্যা সাড়ে ৭টার দিকে মেহেদিগঞ্জের চানারচর ৮ নং ওয়ার্ডের আক্তার গোদারের দোকানের সামনে ওঁত পেতে থাকে আসামিরা। মাহবুব আলম সেখানে পৌছানোমাত্রই বজ্রবুর রশিদের নেতৃত্বে লোহার রড, হাতিড়ি ও কাঠের লাঠিসেটা নিয়ে তার ওপর অতর্কিত ও এলোপাতাড়ি হামলা চালানো হয়। মাহবুবের চিংকালে স্থানীয় লোকজন ও সজন্দরা ছুটে আসলে হামলাকারীরা ঘটনাস্থল থেকে পালিয়ে যায়। গুরুতর আহত অবস্থায় মাহবুবকে প্রথমে মেহেদিগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যাওয়া হয়। সেখানে তার অবস্থার অবনতি হলে কর্তব্যরত চিকিৎসক উন্নত চিকিৎসার জন্য তাকে বরিশাল শেরে-ই-বাংলা মেডিক্যাল কলেজ (শেরাফিম) হাসপাতালে প্রেরণ করেন। পরে অবস্থার আরও অবনতি হওয়ায় তাকে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে স্থানান্তর করা হয়। সেখানে চিকিৎসাধীন অবস্থায় ২৪ জুন ভোরে আসমা উটার দিকে কর্তব্যরত চিকিৎসক মাহবুবকে মৃত ঘোষণা করেন। এই শৃংশং হত্যাকাণ্ডের পর নিহতের মা বাদী হয়ে মেহেদিগঞ্জ থানায় একটি হত্যা মামলা দায়ের করেন। মামলা দায়েরের পর থেকেই ছায়া তদন্ত ও আসামিদের গ্রেপ্তারে অভিযানে নামে র‍্যাব। র‍্যাব জানায়, তথ্যপ্রযুক্তির সহায়তায় প্রধান আসামির অবস্থান শনাক্ত করার পর র‍্যাব-৮ এবং র‍্যাব-১০ এর সদর কোম্পানির সদস্যরা যৌথ অভিযান চালিয়ে ঢাকার গোভারিয়া থেকে প্রধান আসামি বজ্রবুর রশিদকে গ্রেফতার করতে সক্ষম হয়। তাকে মেহেদিগঞ্জ থানায় হস্তান্তরের প্রক্রিয়া চলছে।

কলাপাড়ায় বৃক্ষরোপণ কর্মসূচি

মোশাররফ হোসেন বলেন, নির্বাচনের সময় ফেনমনেন্ট দিয়েছিলাম সে ওয়ায়াদগুলো বাস্তবে পরিণত করার জন্য এই কর্মসূচি বাস্তবায়ন করে চলছে। সবুজ পরিবেশবান্ধব ও টেকসই বাংলাদেশ গড়ার লক্ষ্যে এই বৃক্ষরোপণ কর্মসূচি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে এই প্রত্যাশা ব্যক্ত করেন। সবুজ হোক বাংলাদেশ, নিরাপদ হোক আগামী প্রজন্ম।

কুয়াকাটায় সৈকতের ভাঙনে ঝুঁকিতে

বিস্তীর্ণ বালুর এরইমধ্যে সরে গেছে। একইভাবে শ্রী শ্রী রাধাকৃষ্ণ মন্দিরের সামনেও স্পষ্ট ভাঙনের চিহ্ন দেখা দিয়েছে। টুরিস্ট পুলিশের অস্থায়ী পুলিশ বস্ত্রের নিচের মাটিও ধসে যেতে শুরু করায় নিরাপত্তা নিয়ে উদ্বেগ বাড়ছে। স্থানীয় বাসিন্দাদের ভাষা, গত কয়েক বছর ধরেই কুয়াকাটা সৈকতের বিভিন্ন স্থানে ভাঙন দেখা দিলেও এবার পরিস্থিতি আরও ভয়াবহ। পর্যটন মৌসুমে প্রতিদিন হাজার হাজার দর্শনাধী এ এলাকায় আসেন। গুরুত্বপূর্ণ এসব স্থাপনা ক্ষতিগ্রস্ত হলে ধর্মীয় ও প্রশাসনিক সেবার পাশাপাশি দেশের অন্যতম পর্যটনকেন্দ্র কুয়াকাটার ভাবমূর্তিও মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হবে। স্থানীয় ব্যবসায়ী মো. আরুল রুমান বলেন, প্রতিদিন জোয়ারের সময় ঢেউ আগের চেয়ে অনেক বেশি তেতরে চলে আসছে। কয়েক মাস আগেও যেখানে পর্যটকরা নিশ্চিন্তে হাঁটাচলা করতেন, এখন সেখানে বড় বড় গর্ত তৈরি হয়েছে। মসজিদ, মন্দির ও পুলিশ বস্ত্রের খুব কাছ পর্যন্ত পানি চলে আসছে। আমরা ব্যবসায়ীরা চরম উদ্বেগের মধ্যে আছি। দ্রুত স্থায়ী প্রতিরক্ষা ব্যবস্থা গ্রহণ না করলে শুধু এসব স্থাপনাই হবে, আশপাশের বাসসা প্রতিষ্ঠান ও পর্যটন অবকাঠামোও মারাত্মক ঝুঁকিতে পড়বে। ঢাকা থেকে আসা পর্যটক তাহমিদ হোসেন বলেন, কুয়াকাটার প্রাকৃতিক সৌন্দর্য দেখতে এসেছি, কিন্তু সৈকতের ভয়াবহ ভাঙনের দৃশ্য দেখে সত্যিই হতাশ হয়েছি। দেশের অন্যতম পর্যটনকেন্দ্রের এমন অবস্থা মোটে গোয়া যায় না। পর্যটকদের নিরাপত্তা নিশ্চিত করতে এবং সৈকতের সৌন্দর্য রক্ষায় সরকারকে দ্রুত কার্যকর ও

দীর্ঘমেয়াদি উদ্যোগ নিতে হবে। কুয়াকাটা শ্রী শ্রী রাধাকৃষ্ণ মন্দির তীর্থযাত্রী সেবাক্রমের সাধারণ সম্পাদক প্রকৌশলী নিহার রঞ্জন মণ্ডল বলেন, পানি উন্নয়ন বোর্ড গত পাঁচ বছর ধরে বর্ষা মৌসুমে জরুরি ভিত্তিতে কিছু জিও ব্যাগ ফেলে অস্থায়ীভাবে ভাঙন ঠেকানোর চেষ্টা করছে। কিন্তু এটি কোনো স্থায়ী সমাধান নয়। প্রতিবছর একই সমস্যা দেখা দেয়। কুয়াকাটা দেশের একটি গুরুত্বপূর্ণ পর্যটন ও ধর্মীয় স্থান, তাই বার্ষিক বরাদ্দের মাধ্যমে স্থায়ী উপকূল সুরক্ষা প্রকল্প বাস্তবায়ন করতে হবে। অন্যথায় শুধু মন্দির নয়, পুরো সমুদ্রসৈকতই একসময় ভয়াবহ ঝুঁকির মুখে পড়বে। টুর অপারেটরস অ্যাসোসিয়েশন অব কুয়াকাটা’র (টোয়াক) সভাপতি রুমান ইমতিয়াজ তুষার বলেন, গত এক দশকে কুয়াকাটা ঘিরে শত শত কোটি টাকার বেসরকারি বিনিয়োগ হয়েছে। আর্থনিক হোটেল, রিসোর্ট, রেস্টুরেন্ট, ট্রাভেল এজেন্সি ও বিভিন্ন পর্যটনসেবা প্রতিষ্ঠান গড়ে উঠেছে। কিন্তু সৈকতের ভাঙন এবং পর্যটকদের মধ্যে নিরাপত্তাহীনতার বার্তা ছড়িয়ে পড়লে এই শিল্প বড় ধরনের ক্ষতির মুখে পড়বে। এতে হাজার হাজার মানুষের কর্মসংস্থান হুমকির মধ্যে পড়বে। কুয়াকাটার টেকসই উন্নয়নের স্বার্থে উপকূল রক্ষায় দ্রুত মেগা প্রকল্প বাস্তবায়ন করা অত্যন্ত জরুরি। কলাপাড়া পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী মো. শাহ আলম বলেন, কুয়াকাটা সমুদ্র সৈকতের ভাঙন রোধে দীর্ঘমেয়াদি পরিকল্পনার অংশ হিসেবে প্রায় ৭৫৯ কোটি টাকার একটি প্রকল্প প্রস্তাব সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে পাঠানো হয়েছে। প্রকল্পটি অনুমোদিত হলে আর্থনিক প্রযুক্তি ব্যবহার করে সৈকত সংরক্ষণ, ভাঙন প্রতিরোধ এবং পর্যটন এলাকার স্থায়িত্ব নিশ্চিত করা সম্ভব হবে। এর পাশাপাশি জরুরি ভিত্তিতে ক্ষতিগ্রস্ত এলাকালোতে অস্থায়ী সুরক্ষা কার্যক্রমও অব্যাহত রয়েছে। পটুয়াখালী-৪ আসনের সংসদ সদস্য এবিএম মোশাররফ হোসেন বলেন, কুয়াকাটা শুধু পটুয়াখালীর নয়, এটি বাংলাদেশের অন্যতম গুরুত্বপূর্ণ পর্যটন কেন্দ্র। এ এলাকার উন্নয়ন ও সমুদ্রসৈকত সংরক্ষণের বিষয়টি সরকার অত্যন্ত গুরুত্বের সঙ্গে বিবেচনা করছে। সৈকতের ভাঙন রোধ, নান্দনিক পরিবেশ ফিরিয়ে আনা, আর্থনিক পর্যটন অবকাঠামো নির্মাণ এবং আন্তর্জাতিক মানের সুযোগ-সুবিধা নিশ্চিত করতে দীর্ঘমেয়াদি কল্পন পরিকল্পনা বাস্তবায়নের কাজ চলছে। সংশ্লিষ্ট সব মন্ত্রণালয় কাজ করছে।

কাদামাটির সড়কে চরম ভোগান্তি

সরকারি পুকুরপাড় থেকে মাস্তান বাজার পর্যন্ত বিস্তৃত। প্রতিদিন প্রায় দুই হাজার মানুষ এই সড়ক দিয়ে উপজেলা সদরের সঙ্গে যোগাযোগ করেন। বর্তমানে সড়কটি কর্দমাক্ত হয়ে চাষাবাদের জমির মতো অবস্থায় পরিত্য হয়েছে। যানবাহন তো দুরের কথা, পায়ে হেঁটে চলাচল করাও অত্যন্ত কষ্টসাধ্য হয়ে পড়েছে। স্থানীয় বাসিন্দা লাবিব হাসান রুময় জানান, গাছিয়া ইউনিয়নের ৪ নম্বর ওয়ার্ডের সরকারি পুকুরপাড় থেকে স্থানীয় প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত প্রায় এক কিলোমিটার রাস্তা পুরোপুরি চলাচলের অনুপযোগী। এ বিদ্যালয়ে প্রতিদিন দুই শতাধিক শিক্ষার্থী যাতায়াত করে। পাশাপাশি বিড়িসিএইচ মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীরাও একই পথে চলাচল করতে বাধ্য হচ্ছে। কাদার কারণে অনেক শিশু পড়ে গিয়ে আহত হচ্ছে এবং বইখাতা নষ্ট হচ্ছে বলে জানান তিনি। লাবিব হাসান আরও জানান, এলাকায় প্রায় ৫০০ জনের বেশি বৃদ্ধ মানুষ রয়েছেন, যাদের জরুরি চিকিৎসার জন্য হাসপাতালে নেওয়াও কঠিন হয়ে পড়েছে। হোসনাবাদ থেকে বলরাপুরসহ পাঁচ গ্রামের সংযোগ সড়কও একই অবস্থায় রয়েছে। এই সড়ক দিয়ে সৈয়দেরগাঁও মাধ্যমিক বিদ্যালয় এবং ইসলামাবাদ নেছারিয়া ফাজিল মাদ্রাসার শিক্ষার্থীরা নিয়মিত যাতায়াত করে। বর্তমানে সড়কটি যানবাহন চলাচলের সম্পূর্ণ বাস্তবায়না কর্মকর্তা মো. হাফিজুর রহমান আব্দুল মাল্লান খান বলেন, সরকারি পুকুরপাড় থেকে মোহ্লাবাড়ি পর্যন্ত সড়কটি ইউনিয়ন পরিষদ, ভূমি অফিস, পৈকমা হোসেনাবাদ মাধ্যমিক বিদ্যালয়, পৈকমা নোমরহাট এবং পূর্ব হোসনাবাদ ডিগ্রি কলেজে যাওয়ার একমাত্র পথ। সড়কটি অচল হয়ে পড়ায় প্রশাসনিক ও অর্থনৈতিক কার্যক্রমেও প্রভাব পড়ছে। শিক্ষার্থীরা জানায়, স্কুল-কলেজ ও মাদ্রাসায় যাতায়াতের সময় জুতা খুলে হাতে নিয়ে কাদাপানি মাড়িয়ে চলাচল করতে হয়। অনেক সময় পোশাক নষ্ট হয়ে যাওয়ায় রুটসে না গিয়ে বাড়ি ফিরে যেতে বাধ্য হয় তারা। এ বিষয়ে গাছিয়া ইউনিয়ন পরিষদের প্রশাসক ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা মো. সাইদুল রাসা বলেন, কাঁচা সড়ক সংস্কারের জন্য স্থানীয় বাসিন্দাদের পক্ষ থেকে আবেদন পাওয়া গেছে। প্রকল্প তৈরি করে প্রয়োজনীয় সংকোরে ব্যবস্থা নেওয়া হবে। উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. গোলাম সরওয়ার বলেন, চলাচল অনুপযোগী সড়কের বিষয়টি খোঁজ নিয়েই ইউনিয়ন প্রশাসকের সঙ্গে সমন্বয় করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

পিরোজপুরে মাসব্যাপী পরিচ্ছন্নতা

এসে শেষ হয়। কর্মসূচির উদ্বোধক হিসেবে নেতৃত্ব দেন জেলা পরিষদের প্রশাসক অধ্যক্ষ আলমগীর হোসেন। র‍্যাবালি ও পরিচ্ছন্নতা অভিযানে স্থানীয় জনপ্রতিনিধি, কাউন্ট সদস্য, বেচ্ছাসেবী সংগঠন এবং সর্বস্তরের সাধারণ মানুষ যতগুরুত্বভাবে অংশগ্রহণ করেন। উদ্বোধনী বক্তব্যে অধ্যক্ষ আলমগীর হোসেন পরিকার-পরিচ্ছন্নতা বজায় রাখতে এলাকাবাসীর সক্রিয় অংশগ্রহণের ওপর বিশেষ গুরুত্বারোপ করেন। তিনি স্পষ্টভাবে উল্লেখ করেন, জুনে বা রাস্তার মোটে ময়লা-আবর্জনা না ফেলে নির্ধারিত ডাস্টবিন ব্যবহারের বিকল্প নেই। প্রতিটি মহল্লায় পরিকার-পরিচ্ছন্নতা কার্যক্রম পরিচালনার জন্য জেলা পরিষদ ও পৌরসভা কর্তৃক পরিচ্ছন্নতা কর্মী নিয়োগ দেওয়া হবে। বাড়ি বাড়ি গিয়ে গৃহস্থালির বর্জ্য সংগ্রহের জন্য মালিক নামমাত্র ১০০ টাকা ফি নির্ধারণ করা হয়েছে, যাতে প্রতিটি এলাকা নিয়মিত পরিষ্কার থাকে। এই কার্যক্রমকে টেকসই করতে তরুণ ও যুবকদের সমন্বয়ে এলাকাভিত্তিক তদারকি কমিটি গঠন করা হবে। পরিচ্ছন্নতা কার্যক্রমকে গতিশীল করতে জেলা পরিষদের পক্ষ থেকে পিরোজপুরবাসীকে একটি বিশেষ জিও উপহার দেওয়া হবে। ৭ঃ২৫ধ্যক্ষ আলমগীর হোসেন তার বক্তব্যে দৃঢ় কণ্ঠে বলেন, “আমরা যদি ডাস্টবিনে ময়লা না ফেলি, তবে রাস্তাঘাট কখনোই পরিষ্কার থাকবে না। নিজেদের ও সন্তানদের সুস্থ ভবিষ্যতের জন্য আমাদের সম্মিলিত উদ্যোগ জরুরি”। কর্মসূচিটি বাস্তবায়নে পিরোজপুর পৌরসভা ও স্থানীয় বেচ্ছাসেবী সংগঠনগুলো জেলা পরিষদকে পূর্ণ সহযোগিতা প্রদান করছে। অভিযানে অধ্যক্ষ আলমগীর হোসেন সরাসরি জুনের ময়লা পরিষ্কার করেন , যা স্থানীয়দের মধ্যে ব্যাপক উৎসাহ ও সচেতনতা সৃষ্টি করেছে। মাসব্যাপী এই কর্মসূচির মাধ্যমে পিরোজপুর শহরকে একটি আদর্শ ও মডেল হিসেবে গড়ে তোলার প্রত্যায় ব্যক্ত করা হয়।

মোমবাতির আলোয় পরীক্ষা

লোডশেডিংয়ের কারণে মোমবাতি জ্বালিয়ে পরীক্ষা নিতে দেখা গেছে একটি শিক্ষাপ্রতিষ্ঠানে। রোববার (৫ জুলাই) বেলা ১১টার দিকে উপজেলার চরভাটা ইউনিয়নের থালা বাজার মাহমুদিয়া দাখিল মাদরাসায় মোমবাতি জ্বালিয়ে পরীক্ষা নিতে দেখা গেছে। মাদরাসার ১০ম শ্রেণির শিক্ষার্থী জিহাদ, এমরান, শান্ত বলেন, বর্তমানে বিদ্যুতের অববাহিকের পরীক্ষা চলছে। সামান্য ঝুঁি ও বাতাস হলেই বিদ্যুৎ থাকে না। বিদ্যুৎ না থাকার কারণে আমাদের পড়ালেখায় মারাত্মক সমস্যা হচ্ছে। এমনকি পরীক্ষা চলাকালীন সময়ে বিদ্যুৎ না থাকার কারণে মোমবাতি জ্বালিয়ে পরীক্ষা দিতে হয়েছে। মিজানুর রহমান, আবু তাবে ও নাসির উদ্দিনসহ কয়েকজন অভিভাবক অভিযোগ করে বলেন, ভোলায় বিদ্যুৎ উৎপন্ন হলেও ভোলাবাসী বিদ্যুৎ থেকে বঞ্চিত হচ্ছে। বিশেষ করে লালমোহনে লোডশেডিং সবচেয়ে বেশি হচ্ছে। লোডশেডিং চললেও বিদ্যুৎ বিল কিন্তু ঠিকমতোই আসছে। তবে

বিলেও রয়েছে নানান অসুবিধা। লোডশেডিং ও অতিরিক্ত বিল থেকে আমরা পরিত্রাণ চাই। বাংলা বাজার মাহমুদিয়া দাখিল মাদরাসার শিক্ষক আল এমরান, জাহিদ ও হেলাল উদ্দিন বলেন, পরীক্ষা চলাকালীন সময়ে প্রতিদিনই লোডশেডিং হচ্ছে। এই কারণে পরীক্ষার সময় মোমবাতি জ্বালিয়ে পরীক্ষা নিতে হচ্ছে। এছাড়া বিদ্যুৎ না থাকায় অফিসের কাজ করতে বিভিন্ন সমস্যা হচ্ছে। এ ব্যাপারে লালমোহন পল্লী বিদ্যুৎ জোনাল অফিসের ডেপুটি জেনারেল ম্যানেজার (ডিজিএম) মাহমুদুল হাসান বলেন, গত দুই দিন প্রাকৃতিক দুর্যোগের কারণে বিভিন্ন লাইনে ফল্গ হচ্ছে। আমাদের কর্মীরা চেষ্টা চালিয়ে যাচ্ছে ঠিক করার জন্য। একটানা গুড়ি গুড়ি ঝুঁি ও বাতাসের কারণে গাছের ভালপালা ভেঙে বিদ্যুতের তারের ওপর পড়ছে। বৃষ্টির কারণে গাছের গোড়ার মাটি নরম হয়ে গাছ পরে যাওয়াও একটি কারণ। তাছাড়া এমনিতে কোনো লোডশেডিং নেই।

জুনে সড়কে বরোছে ৪৩৮ গ্রাণ

ইলেক্ট্রনিক মিডিয়া এবং নিজস্ব তথ্যের ভিত্তিতে প্রতিবেদনটি তৈরি করেছে সংশ্লিষ্টটি। প্রতিবেদনে বলা হয়, জুনে ১৪৫টি মোটরসাইকেল দুর্ঘটনায় ১৩৪ জন নিহত হয়েছেন, যা মোট দুর্ঘটনার ৩০ দশমিক ৭২ শতাংশ। এছাড়া ৯১ জন পথচারী (২০ দশমিক ৭৭ শতাংশ) এবং ৫৭ জন চালক ও সহকারী (১৩ শতাংশ) নিহত হয়েছেন। যানবাহনভিত্তিক নিহতদের মধ্যে মোটরসাইকেলে চালক ও আরোহী ১৩৪ জন, বাসের যাত্রী ২৭ জন, ট্রাক, কাভার্ডভান, পিকআপ ও ট্রিলির আরোহী ৩৭ জন, প্রাইভেটকার, মাইক্রোবাস ও অ্যাম্বুলেন্সের আরোহী ১৪ জন, গ্নি-হুইলারের যাত্রী ১১২ জন, স্থানীয়ভাবে তৈরি যানবাহনের যাত্রী ১৫ জন এবং রিকশা ও বাইসাইকেল আরোহী ৮ জন। দুর্ঘটনার মধ্যে ১৫১টি জাতীয় মহাসড়কে, ১৯৪টি আঞ্চলিক সড়কে, ৬৪টি গ্রামীণ সড়কে, ৫৭টি শ্রমের সড়কে এবং ৬টি ঘটেছে অন্যান্য স্থানে। দুর্ঘটনার ধরন বিশ্লেষণে দেখা যায়, ১০৯টি মুখোমুখি সংঘর্ষ, ২০৬টি নিয়ন্ত্রণ হারিয়ে, ৯৭টি পথচারীকে চাপা বা ধাক্কা দিয়ে, ৫৩টি যানবাহনের পেছনে অঘাত করার কারণে এবং ৭টি অন্যান্য কারণে ঘটেছে। মোট ১৭৩টি যানবাহন এসব দুর্ঘটনায় সম্পৃক্ত ছিল। এর মধ্যে ১৫৭টি মোটরসাইকেল, ১৪১টি গ্নি-হুইলার, ১১৬টি বাস, ১০৭টি ট্রাক, ২৪টি কাভার্ডভ্যান, ২৮টি পিকআপ, ১৬টি মাইক্রোবাস, ১৩টি প্রাইভেটকার, ৪টি অ্যাম্বুলেঙ্গ, ৪২টি স্থানীয়ভাবে তৈরি যানবাহন, ৭টি রিকশা, ৪টি বাইসাইকেল এবং ৩০টি অজ্ঞাত যানবাহন রয়েছে। সমন্বিতভিত্তিক বিশ্লেষণে দেখা যায়, সবচেয়ে বেশি ৩১ দশমিক ৩৫ শতাংশ দুর্ঘটনা ঘটেছে সকালে। এছাড়া ভোরে ৬ দশমিক ১৪ শতাংশ, দুপুরে ১৭ দশমিক ৫৮ শতাংশ, বিকালে ১৪ দশমিক ১৯ শতাংশ, সন্ধ্যায় ১১ দশমিক ৪৪ শতাংশ এবং রাতে ১৯ দশমিক ২৭ শতাংশ দুর্ঘটনা ঘটেছে। নিহতদের মধ্যে একজন পুলিশ সদস্য, চারজন শিক্ষক, দুইজন সাংবাদিক, একজন চিকিৎসক, তিনজন প্রকৌশলী, চারজন আইনজীবী, একজন টানা নাগরিক, ১৩ জন ব্যাংক ও বিমা কর্মকর্তা-কর্মচারী, ১৭ জন এনজিও কর্মী, ২১ জন রাজনৈতিক দলের নেতাকর্মী, ২৪ জন ব্যবসায়ী, ১৯ জন বিজ্ঞান প্রতিনিধি, চারজন মসজিদের ইমাম বা খাদেম, ছয়জন পোশাক শ্রমিক, পাচজন নির্মাণ শ্রমিক, দুইজন প্রতিবন্ধী ব্যক্তি এবং বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের ৫৮ জন শিক্ষার্থী রয়েছেন।

অবতাম সবাই তাকে ঘৃণা করে: খামেনির

ইরানের মানুষ খামেনিকে ‘ঘৃণা’ করে। এগুলো হয়তো ‘ভয়া কান্না’। এরকম আলী খামেনির এই জানাজা চলাকালীনই ইরানকে এক নতুন হুমকি দিয়ে ট্রাম্প দাবি করছেন যে, তিনি চাইলে মাত্র ‘এক শটেই’ খামেনির জানাজায় উপস্থিত দেশটির বাকি সব নেতৃত্বকে চিরতরে নিশ্চিহ্ন করে দিতে পারেন। তবে তিনি তা করবেন না, কারণ তাহলে চুক্তি বা আলোচনা করার মতো আর কেউই অবশিষ্ট থাকবে না। তারা চুক্তি করার জন্য এখন আমাদের কাছে আসতে অনুনয় করছে। ট্রাম্প আরও দাবি করছেন যে, খামেনির জানাজা সংক্রান্ত অন্তুনানগুলো শেষ না হওয়া পর্যন্ত উভয় পক্ষই আলোচনা বা চুক্তি সংক্রান্ত প্রক্রিয়া থেকে এক সপ্তাহের বিরতি নেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। ট্রাম্পের তথ্য অনুযায়ী, এই মধ্যবর্তী সময়ে কোনো পক্ষই একে অন্যের ওপর হামলা চালাবে না। উল্লেখ্য, দীর্ঘ ৩৬ বছর ধরে ইরান শাসন করা আলী খামেনি গত ১৬ ফেব্রুয়ারি যুক্তরাষ্ট্র ও ইসলামের যৌথ হামলায় নিহত হন। সেদিন থেকেই মধ্যপ্রাচ্যে এই সর্বাত্মক যুদ্ধ ছড়িয়ে পড়ে। মার্চ মাস থেকেই খামেনির শেষকৃত্যের সময়সূচি নিয়ে নানা জল্পনা-কল্পনা চলছিল। ইসলামিক আইন অনুযায়ী সাধারণত মরদেহ যত দ্রুত সম্ভব, আদর্শগতভাবে ২৪ ঘণ্টার মধ্যে পক্ষ দাফন করার নিয়ম থাকলেও, যুদ্ধ পরিস্থিতির কারণে এই ক্ষেত্রে তার ব্যতিক্রম ঘটনো হয়েছে। যুক্তরাষ্ট্রের সৃষ্টি বা স্বাধীনতার ২৫০তম বার্ষিকী-অর্থাৎ শনিবার (৪ জুলাই) দিনটিকে ইরান খামেনির জানাজার আনুষ্ঠানিকতা গুরুত্ব জন্য বেছে নিয়েছে। এই জানাজার রীতিনীতির অংশ হিসেবে আগামী ৭ জুলাই তেহরানের দক্ষিণে অবস্থিত পির্তে শহর কোম-এ বিভিন্ন অনুষ্ঠান ও অন্যান্য ধর্মীয় আচার-অনুষ্ঠান অনুষ্ঠিত হবে। এরপর বৃহস্পতিবার (৯ জুলাই) উত্তর-পূর্বঞ্চলের পিরে শহর ও খামেনির নিজস্ব জন্মভূমি মশাহদে দাফনের মধ্য দিয়ে এই শেষকৃত্যের সমাপ্তি ঘটবে। এই জানাজার অংশ নিতে এসেই মধ্যে লাখ লাখ ইরানি নাগরিক রাস্তায় জড়ো হতে শুরু করেছেন, যা এই শেষকৃত্য অনুষ্ঠানটিকে বর্তমান বিশ্বেের অন্যতম নিবিড়ভাবে পর্যবেক্ষণ করা বৈশ্বিক ইভেন্টে পরিণত করেছে। শনিবার (৪ জুলাই) বিদায়ী অনুষ্ঠান চলাকালীন ইরানের পার্লামেন্ট স্পিকার মোহাম্মদ বাযের গালিবাফ ও ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাগাটিকে প্রয়াত সর্বোচ্চ নেতার স্মরণে কাদাশে দেখা গেছে, যা দেখে ট্রাম্প তার ওই বিশ্বয়কর মন্তব্যটি করেন।

হরমুজে ফি ব্যবস্থায় ‘বিশেষ’

বলে অভাস দিয়েছে দেশটি। শনিবার চীনের রাজধানী বেইজিংয়ে অনুষ্ঠিত ওয়ার্ল্ড পিস ফোরামে অংশ নিয়ে দেশটিতে নিযুক্ত ইরানের রষ্ট্রদূত আবদোলরেজা রহমানি ফাজলি ওই তথ্য জানিয়েছেন। রষ্ট্রদূত আবদোলরেজা রহমানি ফাজলি বলেছেন, ইই গুরুত্বপূর্ণ জলপথ ব্যবস্থাপনায় ওমানের সঙ্গে মিলে একটি নতুন রূপরেখা তৈরির বিষয়ে কাজ করছে তেহরান। তিনি বলেন, হরমুজ প্রণালি অতিক্রমকারী জাহাজগুলোর কাছ থেকে নতুন এই মাপুল আদায় করা হবে। যদিও ওয়াশিংটন এই প্রস্তাব প্রত্যাখ্যান করেছে। তবে এর মধ্যেই ফাজলি আশ্বস্ত করেছেন, বন্ধুত্বাপন্ন দেশগুলোর জন্য বিশেষ ছাড় থাকবে। যুদ্ধ অবসানের লক্ষ্যে ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যে হওয়া প্রাথমিক চুক্তিতে বলা হয়েছিল, বাণিজ্যিক জাহাজগুলো ৬০ দিন বিনামূল্যে এই প্রণালি দিয়ে চলাচল করতে পারবে। তবে ওই মর্যায়ের পর পরিস্থিতি কী দাঁড়াবে, তা এখনও স্পষ্ট নয়। ওয়ার্ল্ড পিস ফোরামে ইরানি রষ্ট্রদূত আবদোলরেজা রহমানি ফাজলি বলেন, এই গুরুত্বপূর্ণ জলপথের ‘নতুন বিনাসের’ জন্য ওমানের সঙ্গে সহযোগিতা ও যৌথতায় ভিত্তিতে কাজ করছে ইরান। তিনি বলেন, হরমুজ প্রণালির একটি অংশ যেহেতু আমাদের জলসীমার মধ্যে পড়েছে, তাই আমরা অবশ্যই সেবা মাগুল নেব। তবে এটি কোনও ‘টোল’ নয় বলেও দাবি করেন তিনি। ইরানি রষ্ট্রদূত বলেন, “এই নতুন ব্যবস্থাপনার মূল লক্ষ্য হলো হরমুজ প্রণালিতে নিরাপদ যাতায়াত নিশ্চিত, জাহাজ চলাচলের ওপর নজরদারি... এবং বিপুলসংখ্যক জাহাজের যাতায়াতের কারণে সৃষ্ট পরিবেশগত প্রভাব মোকাবিলা করা।” তিনি বলেন, যেসব দেশ আমাদের বড় ছিল এবং বিশেষ করে কঠিন সময়ে আমাদের প্রতিদ্বন্দ্বিগত, তাদের জন্য আমরা অবশ্যই বিশেষ সুবিধার কথা বিবেচনা করব। সাধারণত বিশ্বের মোট অপরিশোধিত জ্বালানি তেল ও তরলীকৃত প্রাকৃতিক গ্যাসের (এলএনজি) এক-পঞ্চমাংশ এই প্রণালি দিয়ে পরিবাহিত

হয়। মধ্যপ্রাচ্য যুদ্ধ চলাকালে ইরান এই প্রণালি প্রায় পুরোপুরি বন্ধ করে দেওয়ায় বিশ্ববাজারে জ্বালানির দাম আকাশচুম্বী হয়। যুক্তরাষ্ট্রের সঙ্গে প্রাথমিক চুক্তির পর হরমুজ প্রণালির অবরোধ তুলে নেয় ইরান। এই সংঘাতের স্থায়ী সমাধানের জন্য বর্তমানে দুই পক্ষের মধ্যে আলোচনা চলছে।

মেহেন্দিগঞ্জে ৫ কেজি গাঁজাসহ

জানায়, গোপন সংবাদের ভিত্তিতে দড়িচর খাজুরিয়া লঞ্চঘাট সংলগ্ন নতুনহাট বাজারে জনৈক দেলোয়ার বেপারীর চারের দোকানের সামনে ইট সলিং রাস্তার উপর অভিযান চালানো হয়। এ সময় সাহেলের কাছে থাকা একটি নেভি ব্লু রঙের ব্যাগ তল্লাশি করে খাকি রঙের কস্টেপ দিয়ে আলোর ২টি প্যাকেট মোট ৫ কেজি গাঁজা উদ্ধার করে জব্দ করা হয়। এ বিষয়ে মেহেদিগঞ্জ থানার অফিসার ইনচার্জ মোঃ মমিন উদ্দিন* বলেন, “গ্রেফতারকৃতের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা রুজু প্রক্রিয়াধীন। মাদকের বিরুদ্ধে আমাদের অভিযান অব্যাহত থাকবে। মাদকদ্রব্য নিয়ন্ত্রণে পুলিশ কঠোর অবস্থানে রয়েছে।”

চরফ্যাশনে নজরুল শতবর্ষ

হল রুমে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপজেলা নির্বাহী অফিসার রুমানা আফরোজ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সহকারী কমিশনার (ভূমি) এমাদুল হোসেন, উপজেলা বিএনপির সাবেক সহ-সভাপতি হেলাল উদ্দিন টিপু ও কয়সর আহমেদ কমল, ও স্বচ্ছতাশেপকল সদস্য সচিব কামরুজ্জামান শাহীন। অন্যান্যদের মধ্যে মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা আবুল খায়ের, সমাজসেবা কর্মকর্তা মামুন হোসেন ও মৎস্য কর্মকর্তা জয়ন্ত কুমার অণু সহ আগুও অনেকে। অনুষ্ঠান শেষে বিভিন্ন প্রতিযোগিতায় বিজয়ী শিক্ষার্থীদের হাতে পুরস্কার তুলে দেন প্রধান অতিথি। তিনটি ক্যাটাগরিতে উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শতাধিক শিক্ষার্থী এসব প্রতিযোগিতায় অংশগ্রহণ করে তাদের মধ্যে বিজয়ীদের মাঝে এসব পুরস্কার বিতরণ করা হয়।

ঝুঁকিপূর্ণ ঘোষণার ১০ বছরেও

সেতু পার হতে হয়। এভাবে জোড়াতালির পেছনে কোটি টাকা ব্যয় না করে একটি নতুন সেতু নির্মাণ করা প্রয়োজন।’ স্থানীয় বাসিন্দা খলিল হাওলাদার বলেন, ‘গাড়ি চলাচলের সময় সেতুতে প্রচণ্ড আওয়াজ হয় এবং দুলতে থাকে। এটি ভেঙে গেলে দক্ষিণ অঞ্চলের যোগাযোগ ব্যবস্থা বন্ধ হয়ে যাবে। বর্তমান সরকারকে কাছে জোর দাবি জানাচ্ছি, যেন দ্রুততম সময়েই মধ্যে নতুন সেতু নির্মাণ করা হয়।’ সড়ক ও জনপথ বিভাগের বর্তমান নির্বাহী প্রকৌশলী শাহরিয়ার শরীফ খান বলেন, ‘এরই মধ্যে নতুন সেতু নির্মাণের জন্য আমরা ফিজিবিলিটি স্টাডি সম্পন্ন করেছি। বাকি তথ্যগুলো প্রধান প্রকৌশলীর দফতরে পাঠিয়েছি। ডিপিপি বাস্তবায়ন হলে শিগগির এখানে নতুন সেতু নির্মাণ করা হবে।’

বিএনপির দুই নেতা-নেত্রীকে

নিয়ে স্থানীয়ভাবে একাধিক সালিশ বৈঠকও অনুষ্ঠিত হয়েছে। অভিযোগ রয়েছে, গত বৃহস্পতিবার (২ জুলাই) উপজেলা বিএনপির সাবেক সভাপতি জালাল উদ্দীন ফকিরের নেতৃত্বে একটি সালিশ বৈঠক চলাকালে বাকবিতণ্ডার একপর্যায়ে সংঘর্ষের সূত্রপাত হয়। এ সময় চাওড়া ইউনিয়ন বিএনপির সাবেক সদস্য সচিব জুয়েল হাওলাদার দেলোয়ার হাওলাদারকে মারধর করেন বলে অভিযোগ করা হয়েছে। তাকে রক্ষা করতে গেলে দেলোয়ারের ছেলে সোহাগ ও শ্রী কমলা বেগমও হামলার শিকার হন। সংঘর্ষে উভয় পক্ষের মোট ছয়জন আহত হন। আহতদের মধ্যে কমলা বেগম, দেলোয়ার হাওলাদার ও তার ছেলে সোহাগকে আমতলী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হলে সেখানে দ্বিতীয় দফায় হামলার শিকার হওয়ার অভিযোগও করেছে ভুক্তভোগীরা। তাদের অভিযোগ, জুয়েল হাওলাদার দুই পক্ষের লিখিত অভিযোগের ভিত্তিতে আততায়ী থানায় পৃথক দুটি মামলা রুজু হয়েছে। মামলা নম্বর-০৬, তারিখ ০৩ জুলাই ২০২৬ এবং মামলা নম্বর-০৭, তারিখ ০৩ জুলাই ২০২৬। দেলোয়ার হাওলাদারের অভিযোগ, মামলা দায়েরের পর একই দিন বিকেলে তার বসতবাড়িতে হামলা, ভাঙচুর ও লুটপাট চালানো হয়। এ ঘটনার প্রতিবাদে এবং মামলা আন্তর হেপি, চাওড়া ইউনিয়ন বিএনপির সাবেক সদস্য সচিব জুয়েল হাওলাদারসহ অভিযুক্তদের গ্রেপ্তারের দাবিতে শনিবার (৪ জুলাই) বিকেল সাড়ে ৫টার দিকে তালুকদার বাজারে দেলোয়ার হাওলাদারের নেতৃত্বে পাঁচ শতাধিক এলাকাবাসী মানববন্ধন ও বিক্ষোভ কর্মসূচি পালন করেন। মানববন্ধনে বক্তারা হামলার ঘটনায় জড়িতদের দ্রুত গ্রেফতার, নিরপেক্ষ তদন্ত এবং ভুক্তভোগী পরিবারের নিরাপত্তা নিশ্চিত করার দাবি জানান। এ বিষয়ে আমতলী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. ইয়াকুব হোসাইন বলেন, তালুকদার বাজার এলাকায় জমিজমা বিরোধকে কেন্দ্র করে দুপক্ষের মধ্যে মারামারির ঘটনা ঘটেছে এতে উভয় পক্ষের লোক আহত হয়েছে। দুই পক্ষের অভিযোগের ভিত্তিতে পৃথক দুটি মামলা রুজু হয়েছে। এঘটনায় উভয় পক্ষের চার জন আসামি গ্রেফতার হয়েছে। মানববন্ধনে বিধায়ী আমি বেচলি। জনগণের যে চাওয়া আমরা সুস্থ সন্তান সাপেক্ষে শুধু হেপি না মামলার আসামি তাকেও আসামিদের গ্রেফতারের চেষ্টা চলছে।

আগৈলঝাড়ায় বিশেষ অভিযানে

করে দুইজনকে নিয়মিত মামলায় আদালতে সোপর্দ করা হয়। এছাড়া দুইজনকে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে ২০০ টাকা অর্থদণ্ড এবং সাত দিনের বিনাশ্রম কারাদণ্ড প্রদান করা হয়েছে। অপর একজনের বিরুদ্ধেও প্রচলিত আইন অনুযায়ী প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণের প্রক্রিয়া চলমান রয়েছে। এ বিষয়ে আগৈলঝাড়ায় থানার অফিসার ইনচার্জ (ওসি) মো. মাসুদ খান বলেন, “মাদক একটি ভয়াবহ সামাজিক ব্যাধি। মাদকের সঙ্গে জড়িত কোনো ব্যক্তি বা চক্রের ব্যক্তিদের কোনো ধরনের ছাড় দেওয়া হবে না। মাদক নির্মূলে আগৈলঝাড়ায় থানা পুলিশের বিশেষ অভিযান ভবিষ্যতেও ধারাবাহিকভাবে অব্যাহত থাকবে।”

মুলাদীতে নদীতে নিখোঁজ

অভিধান গুরু করেন। শনিবার বিকালে ফায়ার সার্ভিসের সদস্যরা ফিরে গেলে স্বজনেরা মাইকিং এবং ট্রেলার নিয়ে নদীতে খোঁজ চালাতে থাকেন। রোববার সকালে বালুবাড়ী একটি ট্রেলারের শ্রমিকেরা নন্দীরবাজার এলাকায় পানি ভাঙতে দেখে বিষয়টি তাদের জানান। পরে সেখানে গিয়ে জমিলা

হরমুজে ফি ব্যবস্থায় ‘বিশেষ’ ছাড় পাবে বন্ধু দেশ : ইরান

কীর্তনখোলা ডেস্ক

কৌশলগতভাবে গুরুত্বপূর্ণ হরমুজ প্রণালি দিয়ে চলাচলকারী বাণিজ্যিক জাহাজের জন্য নতুন সেবা মাস্কল চালুর পরিকল্পনা করছে ইরান। তবে চীনসহ তেহরানের খনিষ্ঠ কিংবা ‘নদ্ধুতপূর্ণ’ দেশগুলো এই ব্যবস্থায় বিশেষ সুবিধা পাবে ও এর পাতায় দেখুন



কুয়াকাটায় সৈকতের ভাঙনে ঝুঁকিতে মসজিদ-মন্দির-পুলিশ বক্স

কলাপাড়া প্রতিনিধি

পটুয়াখালীর পট্টনমনগরী কুয়াকাটা সমুদ্রসৈকতে অব্যাহত ভাঙন ভয়াবহ রূপ ধারণ করেছে। পূর্ণিমার জোয়ার, বৈরী আবহাওয়া ও উত্তাল সাগরের চেউয়ে ঝুঁকিতে পড়েছে জিরো পয়েন্ট সংলগ্ন সমুদ্র সৈকত জামে মসজিদ, শ্রী শ্রী রাধাকৃষ্ণ মন্দির এবং ট্যুরিস্ট পুলিশ বক্সসহ বেশ

কয়েকটি গুরুত্বপূর্ণ স্থাপনা। পরিস্থিতি নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন স্থানীয় বাসিন্দা, ব্যবসায়ী, পর্যটনসংশ্লিষ্ট ও ধর্মীয় প্রতিষ্ঠানের কর্তৃপক্ষ। তারা দ্রুত স্থায়ী প্রতিরক্ষা ব্যবস্থা গ্রহণের দাবি জানিয়েছেন। সরেজমিনে দেখা গেছে, কয়েকদিনের টানা জোয়ার ও উত্তাল চেউয়ের সৈকতের বিভিন্ন অংশে বালু সরে

গিয়ে বড় বড় গর্তের সৃষ্টি হয়েছে। জোয়ারের সময় চেউ এসে উপকূলের অনেক ভেতর পর্যন্ত আঘাত হানছে। এতে সৈকতের পূর্ব ও পশ্চিম অংশে ভাঙনের মাত্রা আশঙ্কাজনকভাবে বেড়ে গেছে। স্থানীয় সূত্র জানায়, জিরো পয়েন্টের পূর্বপাশে অবস্থিত সৈকত জামে মসজিদের সামনের ও এর পাতায় দেখুন



মাদকের বিরুদ্ধে জিরো টলারেন্স, সুপারিশ চলবে না এমপি জয়নুল আবেদীন

বারগঞ্জ প্রতিনিধি

বারগঞ্জ-মুলাদী এলাকায় মাদকের বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি গ্রহণ করা হয়েছে। কোনো রাজনৈতিক দলের নেতাকর্মী মাদকের সঙ্গে জড়িত অবস্থায় আটক হলে তার পক্ষে কোনো ধরনের সুপারিশ গ্রহণ করা হবে না। এমনকি কেউ সুপারিশ করলে তার বিরুদ্ধেও সাংগঠনিক ব্যবস্থা নেওয়া হবে। এমন কঠোর বার্তা দিয়েছেন বরিশাল-৩ (বারগঞ্জ-মুলাদী) আসনের সংসদ সদস্য ও এর পাতায় দেখুন



বিএনপির দুই নেতা-নেত্রীকে গ্রেফতার দাবিতে মানববন্ধন

আমতলী প্রতিনিধি

বরগুনার আমতলী উপজেলার চাওড়া ইউনিয়নের তালুকদার বাজার এলাকায় জমি নিয়ে দীর্ঘদিনের বিরোধকে কেন্দ্র করে সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে উভয় পক্ষের নারী-পুরুষসহ অন্তত ছয়জন আহত হয়েছেন। এ ঘটনায় দুই পক্ষের অভিযোগের ভিত্তিতে আমতলী থানায় পৃথক দুটি মামলা হয়েছে। একই সঙ্গে অভিযুক্তদের গ্রেফতার ও হারানি বন্ধের দাবিতে এলাকাবাসী মানববন্ধন ও বিক্ষোভ কর্মসূচি পালন করেছেন। স্থানীয় সূত্রে জানা যায়, হলদিয়া ইউনিয়নের তালুকদার বাড়ি এলাকার দেলোয়ার হাওলাদারের সঙ্গে তার চাচাতো ভাই আলতাফ হাওলাদার, রুহুল আমিন হাওলাদার ও জুয়েল হাওলাদারের সাথে ১৯ শতাংশ জমির মালিকানা ও ভোগদখল নিয়ে দীর্ঘদিন ধরে বিরোধ চলে আসছে। বিষয়টি ও এর পাতায় দেখুন

মাদকাসক্তি ও মানসিক রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে

দি

নিউ লাইফ

মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড

যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।

০১৭১৩-৯৫০৯৪১

০১৭১৩-১৬৯৮২৮

দৈনিক

কীর্তনখোলা

আত্মতত্ত্ব প্রতিদিন

বরিশাল ৯ সোমবার ৯ ০৬ জুলাই ২০২৬ ৯ ২১ আষাঢ় ১৪৩৩

জুনে সড়কে ঝরেছে ৪৩৮ প্রাণ ৫৮ জনই শিক্ষার্থী

কীর্তনখোলা ডেস্ক

গত জুন মাসে সারা দেশে ৪৭২টি সড়ক দুর্ঘটনায় ৪৩৮ জন নিহত হয়েছেন। এসব দুর্ঘটনায় আহত হয়েছেন ৫৬১ জন। নিহতদের মধ্যে ৪৪ জন নারী ও ৫৬ জন শিশু রয়েছে। এছাড়া বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের ৫৮ জন

শিক্ষার্থী রয়েছেন। এছাড়া নিহতদের মধ্যে ১৩৪ জন মোটরসাইকেলের আরোহী বা চালক, যা মোট প্রাণহানির ৩০ দশমিক ৫৮ শতাংশ। একই সময়ে ৯টি নৌ-দুর্ঘটনায় ৭ জন এবং ২১টি রেল ট্র্যাক দুর্ঘটনায় নিহত হয়েছেন ১৮ জন।

রোববার (৫ জুলাই) জুন মাসের সড়ক দুর্ঘটনা পর্যবেক্ষণ প্রতিবেদনে এ তথ্য জানায় রোড সেফটি ফাউন্ডেশন। ৯টি জাতীয় দৈনিক, ১৭টি জাতীয় ও আঞ্চলিক অনলাইন সংবাদমাধ্যম, বিভিন্ন ও এর পাতায় দেখুন

কাদামাটির সড়কে চরম ভোগান্তি পাঁচ গ্রামের যোগাযোগ ব্যাহত

মুলাদী প্রতিনিধি

বরিশালের মুলাদীতে খানখন্দে ভরা কাদামাটির সড়কে চরম ভোগান্তিতে পড়েছেন গাছিয়া ইউনিয়নের প্রায় ২০ হাজার মানুষ। ঝুঁকিতেই উপজেলার হোসনাবাদ, বলরামপুর ও পূর্ব হোসনাবাদ গ্রামের অন্তত পাঁচটি সড়ক চলাচলের অনুপযোগী হয়ে পড়েছে। এতে ওই এলাকার হোসনাবাদ নতুন রাস্তা নামে প্রায় তিন কিলোমিটার জনজীবন কার্যত স্থবির হয়ে পড়েছে। স্থানীয় দীর্ঘ একটি সড়ক



বাসিন্দাদের অভিযোগ, দীর্ঘদিন সংস্কার না হওয়ায় সড়কগুলো এখন ইটসমান কাদা ও বড় বড় গর্তে পরিণত হয়েছে। এতে স্থল-কলেজ ও মাদ্রাসাগামী শতাধিক শিক্ষার্থী এবং বৃদ্ধ ও অসুস্থ মানুষ সবচেয়ে বেশি ভোগান্তিতে পড়েছেন। সরেজমিনে দেখা যায়, সড়কজমিনে দেখা যায়, রাস্তা নামে প্রায় তিন কিলোমিটার ও এর পাতায় দেখুন

যুবককে পিটিয়ে হত্যা ঢাকায় আত্মগোপনে থাকা প্রধান অভিযুক্ত বজলুর রশিদ গ্রেফতার

মেহেন্দিগঞ্জ প্রতিনিধি

বরিশালের মেহেন্দিগঞ্জ উপজেলায় জমি সংক্রান্ত বিরোধের জেরে মাহবুব আলম বারু রাউ (২৯) নামের এক যুবককে পিটিয়ে হত্যার ঘটনায় দায়েরকৃত মামলার প্রধান আসামী মো. বজলুর রশিদ বয়াতীকে (৩৮) গ্রেফতার করেছে র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)। ঢাকা মহানগরীর গোড়ারিয়া থানাবীন হরিণচরণ রায় সড়ক এলাকায় যৌথ অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করা হয়। রোববার (০৫ জুলাই) দুপুরে এক সংবাদ বিজ্ঞপ্তিতে ও এর পাতায় দেখুন



চরফ্যাশনে নজরুল শতবর্ষ পূর্তিতে সভা ও পুরস্কার বিতরণ

চরফ্যাশন প্রতিনিধি

কাজী নজরুল ইসলামের জন্ম শতবার্ষিকী উপলক্ষে ঘোষিত ‘নজরুল বর্ষ’ উদযাপনের অংশ হিসেবে সারা দেশের মতো চরফ্যাশনেও উপজেলা প্রশাসনের আয়োজনে তদিন ব্যাপী অনুষ্ঠানের সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। এ উপলক্ষে আলোচনা সভা ও বিভিন্ন প্রতিযোগিতার বিজয়ী শিক্ষার্থীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। রবিবার বেলা ১১টায় উপজেলা পরিষদ ও এর পাতায় দেখুন



যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়েছে। রোববার (৫ জুলাই) সকালে ফেরাবুকে ছড়িয়ে পড়া ভিডিওতে দেখা যায়, একটি কক্ষে বসে ফেরাদেস নামের ওই যুবক ইয়াবা সেবন করছেন। এ সময় তার সঙ্গে আরও দুই ব্যক্তি ছিলেন। তাদেরও ইয়াবা সেবনে সহযোগিতা করতে দেখা যায়। অভিযুক্ত ফেরাদেস কেশবপুর ইউনিয়নের ৭ নম্বর ওয়ার্ডের বাসিন্দা। তিনি স্থানীয় ছাত্রলীগ নেতা হিসেবে পরিচিত। ভিডিওটি সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ার পর স্থানীয়দের মধ্যে তীব্র ক্ষোভের সৃষ্টি হয়েছে। স্থানীয়দের অভিযোগ, নিষিদ্ধ ঘোষিত সংগঠনের এই নেতা দীর্ঘদিন ২ এর পাতায় দেখুন

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন

এম.বি.বি.এস; এফ.সি.পি.এস. ফেলো ডটউ. এইচ.ও (অস্ট্রেলিয়া) অধ্যাপক ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এক্স) শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।

নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ

চেষ্টার: মেডিনোতা মেডিকেল সার্ভিসেস লিঃ রে.বি.হোমোড র্টন রে. (পিজমেন্ট), বরিশাল।

রোগী দেখার সময়: প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা

সিরিয়ালের জন্য: ০১৭৫২-১৩৪৪৩৮, ০১৭১১-২৪০৯৬৬

০১৭১৪-০৬৮৮৬, ০১৭০৬-৩৫৪৯৭৫

বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল

ভাবতাম সবাই তাকে ঘৃণা করে: খামেনির জানাজায় কান্নার রোল দেখে ট্রান্স্প

কীর্তনখোলা ডেস্ক

ইরানের প্রয়াত সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনির বিদায়ী অনুষ্ঠানে দেশটির শীর্ষ নেতা ও কোটি কোটি সাধারণ মানুষকে কাদতে দেখে চরম বিস্ময় প্রকাশ করেছেন মার্কিন প্রেসিডেন্ট ডেনাল্ড ট্রাম্প। তিনি মন্তব্য করেছেন, ভেবেছিলাম ও এর পাতায় দেখুন



মোমবাতির আলোয় পরীক্ষা দিচ্ছেন মাধ্যমিকের শিক্ষার্থীরা

লালমোহন প্রতিনিধি

বর্তমানে মাধ্যমিক পর্যায়ের অর্ধবার্ষিক পরীক্ষা চলমান রয়েছে। এছাড়া চলমান রয়েছে এইচএসসি পরীক্ষাও। আর এই পরীক্ষার মধ্যেই চলছে ভয়াবহ লোডশেডিং। ভোলাার লালমোহনে প্রতিদিন প্রায় ১৪-১৬ ঘণ্টা লোডশেডিং থাকছে। এতে শিক্ষার্থীরা চরম বিপাকে পড়েছে। পরীক্ষা চলাকালীন পরীক্ষার হলে

পিরোজপুরে মাসব্যাপী পরিচ্ছন্নতা বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন

পিরোজপুর প্রতিনিধি

ডেঙ্গু, হাম ও চিকুনগুনিয়াসহ বিভিন্ন রোগ প্রতিরোধ এবং পরিবেশ রক্ষার অঙ্গীকার নিয়ে পিরোজপুর জেলা পরিষদের উদ্যোগে শুরু হয়েছে মাসব্যাপী পরিচ্ছন্নতা, বৃক্ষরোপণ ও মাদকবিরোধী কর্মসূচি-২০২৬। রবিবার (৫ জুলাই) সকালে পিরোজপুরের পালপাড়া এলাকা থেকে একটি বর্ণাঢ্য র‍্যালি শুরু হয়ে শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে পিরোজপুর টাউন ক্লাবের সামনে ও এর পাতায় দেখুন



মেহেন্দিগঞ্জে ৫ কেজি গাঁজাসহ মাদক কারবারি গ্রেফতার

মুরে রাব্বি নাইম মেহেন্দিগঞ্জ

গতকাল রোববার, ৫ জুলাই সকাল সোয়া ৭টার দিকে মেহেন্দিগঞ্জ উপজেলার ১২নং দড়িচর খাজুরিয়া ইউনিয়নে অভিযান চালিয়ে ৫ কেজি গাঁজাসহ এক মাদক কারবারিকে গ্রেফতার করেছে মেহেন্দিগঞ্জ থানা পুলিশ। গ্রেফতারকৃতের নাম- মোঃ সোহেল (২৭)। পিতা: মোঃ আলমুগির হোসেন পদ্মা গ্রাম: দড়িচর খাজুরিয়া, বনং ওয়ার্ড থানা: মেহেন্দিগঞ্জ, জেলা: বরিশাল পুলিশ ও এর পাতায় দেখুন



আগৈলঝাড়ায় বিশেষ অভিযানে মাদকসহ পাঁচজন গ্রেফতার

আগৈলঝাড়া প্রতিনিধি

বরিশালের আগৈলঝাড়া উপজেলায় মাদকবিরোধী বিশেষ অভিযান পরিচালনা করে মাদকদ্রব্যসহ পাঁচজনকে গ্রেফতার করেছে আগৈলঝাড়া থানা পুলিশ। আগৈলঝাড়া থানার অফিসার ইনচার্জ (ওসি) মো. মাসুদ খানের নির্দেশনায় পরিচালিত এ অভিযানে উপজেলার রাজিহার ইউনিয়ন থেকে তিনজন এবং আগৈলঝাড়া বাইপাস ব্রিজ এলাকা থেকে দুইজনকে আটক করা হয়। পুলিশ জানিয়েছে, বাইপাস ব্রিজ এলাকা থেকে আটক দুইজনের বাড়ি পার্শ্ববর্তী গৌরনদী উপজেলায়। পুলিশ সূত্রে জানা যায়, গ্রেফতার ব্যক্তিদের কাছ থেকে বিভিন্ন ধরনের মাদকদ্রব্য উদ্ধার করা হয়েছে। পরবর্তীতে আইনগত প্রক্রিয়া সম্পন্ন ও এর পাতায় দেখুন

বিশিষ্টায়িত্তির রাহমনি রাহিম

কম্পিউটারের সবকিছুই আপনার নাগালে

ঈশিতা কম্পিউটার

All Kinds Of Computer Solution, Accessories Selling, Training & Digital Photography

উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১৩৪৪৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ও সৌরভ লজ, গোড়াটান দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com